The Board of Bank Asia comprises of 12 Directors who possess a wide range of skills and experiences over a range of professions. Except the Independent Director all the Directors are elected Directors. The meetings of the Board of Directors are held frequently to discharge its responsibilities and functions. Meetings are scheduled well in advance and the notice of each Board meeting is given in writing to each Director by the Company Secretary. The Company Secretary prepares the detailed agenda for the meeting with the concurrence of the Managing Director. The papers comprising the agenda, explanatory notes and proposed resolutions are circulated to the Directors in advance for their review. The members of the Board are also free to recommend inclusion of any item in the agenda for discussions. The Company Secretary and other senior management staffs are also invited to attend Board Meeting to provide additional inputs to the items being discussed by the Board and to make business presentation. During the year 2009, the Board met 22 times and attendance by the Directors was as follows:

Sl	Name	Times Attended	Remarks
1	Mr. Anisur Rahman Sinha	22 out of 22	
2	Mr. Anwarul Amin	20 out of 22	
3	Mr. A. M. Nurul Islam	22 out of 22	
4	Mr. A. Rouf Chowdhury	10 out of 12	Joined the committee on 12.07.2009
5	Mr. Mohd. Sarwan Choudhury	07 out of 13	Joined the committee on 15.06.2009
6	Mr. M. Mustafizur Rahman	19 out of 22	
7	Mr. Rume A Hossain	09 out of 12	Joined the committee on 12.07.2009
8	Mr. Romo Rouf Chowdhury	07 out of 22	
9	Ms. Farhana Huq Chowdhury	04 out of 11	Upto 12.07.2009
10	Lt. Col. (Retd.) Fariduddin Ahmed	04 out of 22	
11	Ms. Shameem Chowdhury	0 out of 07	Upto 15.06.2009
12	Mr. Murshed Sultan Chowdhury	0 out of 11	Upto 12.07.2009
13	Mr. Mir Shahjahan	0 out of 21	Upto 26.11.2009
14	Mr. Shafique Uddin	06 out of 15	Upto 05.09.2009
15	Mr. Mashiur Rahman	01 out of 02	Joined the committee on 26.11.2009
16	Mr. Faisal Samad	03 out of 22	
17	Ms. Sohana Rouf Chowdhury	03 out of 11	Joined the committee on 16 .07.2009

*The Board has granted leave of absence against the absentee Directors of the meeting.*

### Position of the Chairman of the Board of Directors and the Chief Executive

From the inception, our objective has been to successfully establish good corporate governance in the organization. The functional responsibilities of the Chairman of the Board, Board Members, and of the President and Managing Director are kept separate and independent of each other. The Chairman of the Board of Directors is responsible for the functioning of the Board while the Managing Director is responsible for implementation of Board policies, and overall management of the Bank.

### Conforming to Capital Market Rules

Bank Asia strictly follows the rules, regulations and guidelines set by the Securities & Exchange Commission (SEC), Dhaka Stock Exchange (DSE) and Chittagong Stock Exchange (CSE) since its listing in both the bourses of the country.

### Share Holding Structure

At the end of year 2009, the Shareholding Structure of Bank Asia was as follows:

Description	No. of Shares	No. of Shareholders	% of Total Shares	Shareholding Composition
General Public	15,362,301	10,415	71.63	
Institutions	5,403,570	364	25.18	
Non Resident Bangladeshi	339,974	20	1.59	
Foreign Investors	-	-	0	
Investment Companies	342,280	69	1.60	
Total	21,448,125	10,868	100.00	

### Pattern of Shareholding

Breakup of shareholding pattern as per clause 1.4 (KA) of Securities & Exchange Commission notification no SEC/CMRRCD/2006-158/ Admin/02-08 dated 20th February, 2006 issued under Section 2CC of the Securities & Exchange Ordinance, 1969, is as follows:

- Parent/Subsidiary/Associated companies and other related parties (name wise details):  
Not Applicable
- Directors, Chief Executive Officer, Chief Financial Officer, Head of Internal Audit and their spouse and minor children (name wise details):

Sl #	Name of the Directors	No. of Shares held As On 31-12-2009
1	Mr. Anisur Rahman Sinha and his spouse	949,418
2	Mr. Anwarul Amin	150
3	Mr. A.M.Nurul Islam (Representing Sea Fishers Ltd.)	106,900
4	Mr. A. Rouf Chowdhury	392,975
5	Mr. Mohammed Irfan Sayed	30,750
6	Mr. Romo Rouf Chowdhury and his spouse	937,490
7	Mr. Mohd. Safwan Chowdhury (Representing Phulbari Tea Estates Ltd.)	844,586
8	Mr. Rume A. Hossain and his spouse	1,187,859
9	Mrs. Sohana Rouf Chowdhury and her spouse	887,858
10	Ms. Mahrina Chowdhury	443,808
11	Mr. Mir Shahjahan	441,877
12	Lt. Col. Fariduddin Ahmed (retd.)	89,366
	Chief Executive Officer	1,555
	Company Secretary's spouse	369
	Head of Internal Audit	Nil

**iii) Executives**

SI #	Name of the Executives	No. of Shares held As On 31-12-2009
1	Mr. S.M.Khurshed Alam's spouse	2,431
2	Mr. Irteza Reza Chowdhory's spouse	6,783
3	Mr. Nasirul Hossain & his spouse	4,048
4	Mr. A.H.J.Rahman's spouse	3,574
5	Mr. Swapan Das Gupta's spouse	5,359

**iv) Shareholders holding ten percent (10%) or more voting interest in the company: Nil****Auditors**

At the 10th Annual General Meeting held on 15th June 2009 the shareholders re-appointed Rahman Rahman & Huq, Chartered Accountants (local Partner of KPMG) as external auditors of the Bank for the year 2009.

Last year Rahman Rahman & Huq, Chartered Accountants also conducted an Information Risk Management (IRM) audit on the performance of Core Banking Software STELAR. They commented that it is a comprehensive online banking software for automating Bank's front and back office activities, and it is parameter-driven through many of its tables to provide sufficient flexibility to the Bank to define and deliver new products quickly.

**Board Audit Committee**

The Board of Bank Asia constituted an Audit Committee in January 2003 with the objectives of generating a platform for a competent, practical, complied and secured banking structure. The Committee takes up responsibilities to manage and control various risk factors coming up from banking operation, to strengthen the internal control system and to act as a connecting force between internal and external auditors in order to bring a disciplined banking operation. The Committee reviews the financial reporting process, the system of internal control and management, the audit process, compliance with laws and regulations, and its own code of business conduct.

**Credit Rating**

In an effort to keep the existing and potential investors in the financial sector fully informed about the financial health of the banking institution, and to improve the functioning of the capital market of the country, Bangladesh Bank has made credit rating for Banking industry mandatory effective from January 2006. Taking this into consideration, Bank Asia appointed CRAB (Credit Rating Agency of Bangladesh) for rating of the Bank.

Bank Asia has been rated as AA2 in the long term and ST1 in the short term respectively for the year 2009. AA2 indicates strong capacity for timely payment of financial commitments, with low likeness to be adversely affected by foreseeable events in the long run. ST1 indicates excellent position in terms of liquidity, internal fund generation, and access to alternative sources of funds in the short term. The current and previous ratings are as follows:

	Current Rating	Previous Rating
Long Term	AA2	AA3
Short Term	ST1	ST1
Date of Rating	09 June 2010	11 June 2009
Based on Financials	31st December, 2009	31st December, 2008

## CORPORATE SOCIAL RESPONSIBILITY

Corporate Social Responsibility(CSR) is the continuing commitment by business to behave ethically and contribute to economic development. Also it improves the quality of life of the workforce and their families as well as of the local community and society at large. Corporate Social responsibility becomes an integral part of the wealth creation process - which if managed properly should enhance the competitiveness of business and maximize the value of wealth creation to society. When times get hard, scope of CSR increases. The basic driver of CSR consists of values that have taken place within businesses where they not only feel responsible for creation of wealth but also for social and environmental well being. We are decidedly committed to being an equal opportunity employer, protecting the environment, and finally, serving the community of which we are a part. We strive to achieve further development of balanced corporate performance in the economic, social and ecological arena. The employees are encouraged to be responsible corporate citizens and to conduct business in a manner that promotes sustainable development for both the Bank and the community it serves. A summary of the CSR activities of the year 2009 of Bank Asia is presented below:



*Bank Asia higher study scholarship recipients*

### 1. Education

No Education, No Life! Just like food, water and air, education has become a basic necessity for everyone to survive in today's world. Recognizing the importance of education in nation and society building, Bank Asia has initiated an ambitious plan titled "Bank Asia Higher Studies Scholarship" to provide assistance to those students who have merit and dream in their eyes to serve the society, but not the means to pursue higher studies. Under the scheme, the Bank awards poor but meritorious students of rural areas where the Bank has its branches for their higher studies in core subjects, namely Engineering, Medicine, Physics, Chemistry, Business, Economics, Management, Finance, Banking, etc. The scholarships are given basing on the SSC and HSC exam results and the duration of the scholarship is generally 4 to 5 years. But it may be extended depending on the course duration. Under the program, students receive Tk. 2,000.00 per month. Besides, a lump sum grant of Tk. 10,000.00 is given annually to purchase books and for payment of tuition fees. This scheme was introduced in 2005. For the year 2009, a total of 42 students have been awarded this scholarship and presently a grand total of 122 students are enjoying benefit of this scheme.

### 2. Health Care

#### a) Free Ophthalmological Operations

In the year 2005, Bank Asia started a program in collaboration with Bangladesh Eye Hospital (BEH) to help the handicapped and the underprivileged by providing necessary financial support for performing ophthalmological operation of children born with impaired eye vision in Bangladesh. The trained doctors of BEH conduct the operations in their modern hospital equipped with latest equipments and technology at Dhanmondi. So far, a total of 980 children have been operated.

#### b) Free Eye Camps

In addition to the ophthalmological operations, the Bank arranges free Eye Camps in the rural areas where free treatments including spectacles to a large number of school going poor boys and girls and other people of the localities concerned.

### c) Donations to Hospitals

The Bank has donated an amount of Tk. 0.80 million to Bangladesh Eye Hospital for the operation of poor patients. Furthermore, Tk 0.43 million was donated to Marie Stopes clinic for purchasing of contraceptive. Besides, we have financially supported Center for Rehabilitation of the Paralyzed (CRP), Savar and Thengamara Mohila Sobuj Shangha (TMSS) for their hospital at Bogra and also to Acid Survivors Foundation.

### d) Blood Donation Camp

The Bank also arranges voluntary blood donation campaign on various national occasions where the officers of the Bank and general people participated spontaneously. This year the bank donated Tk. 1 million for blood donation camp.



Blood donation program



Eye camp

## 3. Computer Literacy

Computer literacy is essential to our growth and development and it needs to be spread to our rural areas. The Bank works with a philosophy to help poor students in rural areas by establishing and operating Computer Learning Centers (CLC) in different schools in providing a technological platform for students, which will help in their endeavors to a brighter future. We have taken this initiative to contribute to the promising IT sector of the country. Already 13 CLCs have been established in different rural schools and are in full operation. About 1,000 students have been enrolled so far in these CLCs out of which 900 students have already obtained certificates. Bank Asia is going to setup another 13 CLCs from where more than 3,000 students are expected to receive education in computer technology every year.

## 4. Natural Calamities

As a responsible corporate citizen, Bank Asia believes that it is committed to the welfare of the community at large. Whenever there is any natural calamity, the Bank responds promptly to aid the affected humanity. In 2009 the bank donated Tk 1 million to Prime Minister's relief fund for AILA victims. We would like to declare our pledge that Bank Asia is always ready to stand by the poor disaster affected people of the country.

## 5. Dhaka City Beautification

Dhaka City Corporation has a project named "Beautification of Dhaka Metropolitan City" and Bank Asia has a spontaneous participation in this program. Under the project, the Bank has donated Tk .09 million to M/S Aruti Enterprise for 3:00 km road island beautification work from US Embassy to Natun Bazar and Kuril to Bishawa Road Railgate, Khilkhet.

## 6. Different Social and Cultural Programs

As a responsible corporate citizen, Bank Asia regularly arranges and participates in different social and cultural programs like celebration of Pohela Boishakh, International Mother Language Day, Independence Day, Victory Day, etc. Besides, Bank Asia also arranges Ifter Party and Doa Mahfill during holy Ramadan at different branches. People from different social levels participate there. Bank also organized several festivals like customer night to enhance customer relationship.

### 7. Environment

Bank Asia has been one of the pioneers in supporting environment friendly CNG projects by financing CNG conversion and CNG filling stations. The Bank has decided not to finance any tobacco related business or any environmentally hazardous business. Besides, all the offices of Bank Asia are declared as smoking free zone.



*Distribution of winter clothes*

### 8. Other donation activities

As a social responsibility, Bank Asia donated Tk. 2.5 million to Prime Minister's Relief Fund for the victim of BDR mutiny and donated Tk. 0.48 million to the family members of a martyred army officer. Bank Asia also donated to Prothom Alo for "Badle Jao Badle Dao" program and for observation of International Women's Day.

### Our Gratitude and Thanks

The performance of 2009 along with those of the previous years' are the result of the guidance of the Board Members, commitment of the Senior Management, hard work of all employees, continuous support of our valuable clients and confidence of the shareholders. We also express our gratitude to the Bangladesh Bank, the Securities and Exchange Commission, the Government, the professional bodies, and to other authorities for their continuous guidance, valuable suggestions and support.

On behalf of the Board of Directors-

**Romo Rouf Chowdhury**  
Director

# ১০ম বার্ষিক সাধারণ সভা

১৫ জুন, ২০০৯



## পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

সম্মানিত শেয়ারহোল্ডারদের নিকট ব্যাংকের ১১তম বার্ষিক প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী পেশ করতে পেরে ব্যাংক এশিয়ার পরিচালকবৃন্দ আনন্দিত। এই প্রতিবেদনে বর্তমান বিশ্ব অর্থনীতি ও বাংলাদেশ অর্থনীতির পাশাপাশি ব্যাংক এশিয়ার ২০০৯ সালের কার্যক্রম ও আর্থিক বিষয়বলীর বিস্তারিত বিবরণ তুলে ধরা হয়েছে। এ প্রতিবেদন মূলতঃ প্রতিযোগিতামূলক ও প্রতিকূল ব্যবসায়িক পরিবেশের মাঝেও ব্যাংকের ধারাবাহিক উন্নতির একটি সার্বিক চিত্র তুলে ধরেছে।

২০০৯ সাল ব্যাংকের ব্যবসা পরিচালনার জন্য একই সাথে যেমন কঠিন ছিল তেমনি এসময় অনেক অর্জনও ছিল। এ বছরে ব্যাংক ৮টি নতুন শাখা স্থাপন, ব্রোকারেজ ব্যবসায়ের সূচনা, এটিএম নেটওয়ার্কের সম্প্রসারণ এবং নতুন পণ্য ও সেবার মান বৃদ্ধির মাধ্যমে তার ব্যবসার ক্ষেত্র ও পরিধি বৃদ্ধি করেছে। ২০০৮ সালের তুলনায় ২০০৯ সালে ব্যাংকের পরিচালন মুনাফা শতকরা ৩৭.৩৯ ভাগ, আমানত ২৯.২২ ভাগ, ঋণ ও অগ্রিম ২৫.৭৫ ভাগ বৃদ্ধি পেয়েছে।

বিগত বছরে প্রচলিত ব্যবসায়িক বিষয়গুলো ছাড়াও পরিচালকবৃন্দ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ব্যাংকের নীতিনির্ধারণ, ব্যবসা পরিচালন, মূলধন কাঠামো, কারিগরি উন্নয়ন, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিরীক্ষণ ইত্যাদি বিষয়ে সজাগ ছিলেন। ব্যাংকের মানবসম্পদ ও প্রযুক্তিগত অবকাঠামো শক্তিশালীকরণ, কর্পোরেট গভর্নেন্স উন্নীতকরণ ও সামাজিক দায়বদ্ধতামূলক কার্যবলীর সম্প্রসারণেও বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নীতি-নির্ধারণী সিদ্ধান্তসমূহ, উন্নত মানবসম্পদ ও প্রযুক্তিগত অবকাঠামোর দ্বারা বাস্তবায়ন করেছেন।

ব্যাংক এশিয়ার কার্যক্রম ও পরিচালন অবস্থার সামগ্রিক চিত্র তুলে ধরার জন্য এ প্রতিবেদনকে বিশ্ব অর্থনীতি, বাংলাদেশ অর্থনীতি ও ব্যাংক এশিয়ার কার্যক্রম এই তিনটি ভাগে আলোচনা করা হয়েছে।



বার্ষিক সাধারণ সভায় উপস্থিত শেয়ারহোল্ডারবৃন্দ

## বিশ্ব অর্থনীতি

২০০৮ সাল থেকে বিশ্ব অর্থনীতির যে মন্দাবস্থা শুরু হয়েছিল তা ২০০৯ সালের মাঝামাঝি সময় থেকে বিশ্ব অর্থনীতি কাটিয়ে উঠতে শুরু করেছে। আন্তর্জাতিক বাণিজ্য এবং শিল্প উৎপাদন উল্লেখযোগ্য ভাবে গতি ফিরে পেয়েছে। ২০০৮ সালের শেষ দিকে বিশ্বব্যাপী যে বিশাল অর্থ এবং নীতিসহায়ক কর্মসূচি নেওয়া হয়েছে তার ফলশ্রুতিতেই এই অর্থনৈতিক পুনরুত্থান সম্ভবপর হয়েছে।

বিশ্ববাণিজ্য, শিল্পোৎপাদন ও সম্পদের মূল্যে ধূস এবং একই সাথে ঋণ সংকোচনের কারণে ২০০৯ এর শুরুতে যে মন্দার দিকে এগুচ্ছিল তার বিপক্ষে এই পুনরুত্থান সত্যিই আশাব্যঞ্জক। যদিও এই পুনরুত্থান এখনও অসম এবং স্থিতিশীল প্রবৃদ্ধির জন্য অনিশ্চিত। উন্নত বিশ্বে ঋণ প্রবাহ এখনও বেশ সংকোচিত। এখনও বেকারত্বের হার বৃদ্ধি এবং চাহিদা ও যোগানের অসামঞ্জস্যতা মোকাবেলায় বিশ্বব্যাপী নীতিনির্ধারকরা বেশ চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন।

## প্রবৃদ্ধি<sup>১</sup>

যদিও ২০০৯ সালের ২য় কোয়ার্টারে বেশ কিছু দেশের অর্থনীতি ইতিবাচক প্রবৃদ্ধি অর্জন করে যা তৃতীয় কোয়ার্টারেও উন্নতির দিকে তথাপি বছরের শুরুতে যে ধূস বিরাজমান ছিল তাতে বিশ্বের মোট উৎপাদন শতকরা ২.২ ভাগ হ্রাস পাবে বলে ধারণা করা হচ্ছে। এ বছর বেশির ভাগ দেশের মানুষের জীবনযাত্রার মান কমেছে। ১৬০টি দেশের মধ্যে ১০৭টি দেশে মাথাপিছু আয় হ্রাস পেয়েছে।

২০১০ সালে উন্নয়নশীল দেশসমূহে উৎপাদন প্রবৃদ্ধি দ্রুত বাড়বে বলে আশা করা হচ্ছে যা ২০০৯ সালের শতকরা ১.৯ ভাগ থেকে ৫.৩ ভাগে পৌঁছতে পারে। উন্নত দেশসমূহের অর্থনীতিগুলোর প্রবৃদ্ধি নির্ভর করবে আন্তর্জাতিক বাণিজ্য, পণ্যমূল্য এবং মূলধন প্রবাহের উপর। এই সকল দেশ সমূহের জন্য যদিও ইতিবাচক প্রবৃদ্ধি আশা করা হচ্ছে তবে তা শতকরা ১.৬ ভাগ পর্যন্ত হতে পারে যা অপেক্ষাকৃত দুর্বল পুনরুত্থানের চিত্র প্রকাশ করে।

## বেকারত্ব ও মুদ্রাস্ফীতি

বিশ্বব্যাপী ক্রমবর্ধমান বেকারত্বের হার অর্থনীতিতে চলমান মন্দা পরিস্থিতির প্রমাণ দিচ্ছে। ২০১০ সালে বেকারত্বের হার বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। আর্থিক মন্দার প্রভাব শ্রম বাজারে সুযোগের বৈষম্যকে আরও প্রকট রূপ ধারণ করতে পারে যার প্রধান শিকার হতে পারে নারী শ্রমিকগোষ্ঠী। যারা মূলতঃ অস্থায়ী ভিত্তিতে কাজ করে থাকেন, এছাড়াও উন্নয়নশীল দেশগুলোর রপ্তানি শিল্পে নিয়োজিত শ্রমিকরাও ক্ষতিগ্রস্ত হবে।

বিশ্বব্যাপী তরুণদের মধ্যে গড় বেকারত্বের হার ২০০৮ সালের শতকরা ১২.২ ভাগের তুলনায় ২০০৯ সালে বেড়ে গিয়ে দাঁড়ায় শতকরা ১৪ ভাগ। ২০১০ সালে ঋণাত্মক প্রবৃদ্ধিসমৃদ্ধ মাথা পিছু আয়ের উন্নয়নশীল দেশের সংখ্যা কমে এসে ১০-এ দাঁড়াতে পারে বলে আশা করা যাচ্ছে। তবে এই সময়ে মাত্র ২১টি উন্নয়নশীল দেশ শতকরা ৩ ভাগ বা তার বেশি প্রবৃদ্ধি (যা দারিদ্র নিরসনে সর্বনিম্ন হার হিসেবে স্বীকৃত) অর্জন করবে বলে ধারণা করা হচ্ছে।<sup>১</sup>

<sup>১</sup>ওয়ার্ল্ড ইকোনোমিক আউটলুক ২০১০, আইএমএফ

অন্যদিকে বিশ্বব্যাপী মুদ্রাস্ফীতির হার হ্রাস পেয়েছে। ২০০৯ সালে বেশির ভাগ দেশে মুদ্রাস্ফীতির হ্রাস পরিলক্ষিত হয়। সতি বলতে এই সময়ে কিছু দেশ বিশেষ করে উন্নয়নশীল দেশসমূহ এবং এশিয়ার প্রতিশ্রুতিশীল দেশসমূহে অবমূল্যায়ন পরিলক্ষিত হয়। বেকারত্বের হার বৃদ্ধির ফলে ২০১০ সালে মুদ্রাস্ফীতি কমতে পারে, বিশেষ করে মুদ্রাস্ফীতিতে ব্যয় বৃদ্ধির চাপ অপেক্ষাকৃত কম থাকবে বলে আশা করা হচ্ছে।

#### আন্তর্জাতিক অর্থায়ন

অর্থনৈতিক মন্দার কারণে উদীয়মান দেশগুলোতে আন্তর্জাতিক ঋণ প্রবাহ বেশ কমে গিয়েছে। যে সমস্ত দেশ উন্নয়নশীল থেকে উন্নত দেশ হিসাবে আর্বিভূত হতে যাচ্ছিল বিশেষ করে রাশিয়ান ফেডারেশনের দেশগুলো এবং মধ্য ও পূর্ব ইউরোপের কিছু দেশে ব্যাংক ঋণের প্রবাহ নাটকীয়ভাবে হ্রাস পায়। ব্যাংকিং খাতে স্থিতিশীলতা আসা স্বত্ত্বেও এই উদীয়মান অর্থনীতির দেশগুলোতে ব্যাংক ঋণ এখনও সীমিত পর্যায়ে রয়েছে।

অর্থনৈতিক এই দুর্যোগপূর্ণ সময়ে অ-ব্যাংকিং প্রতিষ্ঠানের ঋণ প্রবাহও উল্লেখযোগ্য হ্রাস পেয়েছে। তবে ২০০৯ সালের মাঝামাঝি পর্যায়ে উদীয়মান অর্থনীতির দেশগুলো ঋণপত্র ইস্যুর মাধ্যমে বেশ পরিমাণ পুঁজির ব্যবস্থা করতে পেরেছে। প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ প্রবাহ এই সময়ে শতকরা ৩০ ভাগ কমলেও অন্যান্য মূলধন প্রবাহের চেয়ে তা অপেক্ষাকৃত কম পরিবর্তনশীল ছিল। ২০১০ সালে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ প্রবাহ বিশ্বব্যাপী ২০ ভাগ বাড়বে বলে আশা করা হচ্ছে।

#### আন্তর্জাতিক বাণিজ্য<sup>২</sup>

অর্থনৈতিক মন্দা পরিস্থিতিতে তেল ও অন্যান্য পণ্যের মূল্যে ব্যাপক পতন ঘটে। ধাতব পণ্যের মূল্যে দেখা দেয় চরম ধস এবং যা প্রায় পণ্যের মূল্যকে তিনভাগের একভাগে নেমে আসতে বাধ্য করে। খাদ্যশস্যসহ অন্যান্য কৃষিপণ্যের দামও এসময়ে উল্লেখযোগ্য হারে হ্রাস পায়।

মূল্য স্তরে এধরণের পতন আন্তর্জাতিক বাণিজ্যকে ব্যাপক প্রভাবিত করেছে। উন্নত দেশগুলো তাদের আমদানি ও বাণিজ্যিক অর্থায়ন অনেকাংশে কমিয়ে দিয়েছে। এর ফলে ২০০৮ সালের শেষ এবং ২০০৯ সালের শুরুর দিকে পৃথিবীর বেশির ভাগ দেশের বৈদেশিক বাণিজ্যের পরিমাণ শতকরা ৩০ থেকে ৫০ ভাগ হ্রাস পেয়েছে, এশিয়ার দেশগুলোতে এর প্রভাব সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়। ২০০৯ এর দ্বিতীয় কোয়ার্টার থেকে বৈদেশিক বাণিজ্য প্রবাহে পুনরুদ্ধারের সূচনা পরিলক্ষিত হয়েছে। তথাপি ২০০৯ সালে বিশ্ববাণিজ্য মোটর উপর শতকরা ১২ ভাগ হ্রাস পাবে বলে আশঙ্কা করা হচ্ছে। ২০১০ সালের শেষে এসে বিশ্ববাজারে চাহিদা বাড়ার সাথে সাথে বিশ্ববাণিজ্যে শতকরা ৫ ভাগ প্রবৃদ্ধি আশা করা হচ্ছে।

#### আর্থিক খাতের পুনরুদ্ধার পদক্ষেপ

বিশ্ব আর্থিক বাজারে ঝুঁকি বাড়ার সাথে সাথে অনেক দেশ তাদের নিজ নিজ আর্থিক খাতকে স্থিতিশীল রাখার লক্ষ্যে বিভিন্ন ধরণের পুনরুদ্ধার পদক্ষেপ হাতে নেয়। তাদের এ কর্মসূচিগুলোর মধ্যে রয়েছে আর্থিক প্রতিষ্ঠানগুলোর তারল্য ও স্থায়িত্ব বৃদ্ধি এবং আর্থিক বাজারকে চলমান রাখা। এ সময়ে ২০টিরও অধিক দেশের সরকার তাদের আর্থিক প্রতিষ্ঠানগুলোর আমানত সরকারের নিশ্চয়তা প্রদান করেছে। যার ফলে ব্যাংকসমূহ নতুন ঋণপত্র ও শেয়ার ইস্যুর মাধ্যমে তাদের পুঁজি বাড়িয়ে দায়-মূলধনের অনুপাত কমিয়েছে।

বর্তমানে বেশিরভাগ উন্নত দেশগুলো প্রবৃদ্ধির পথে রয়েছে। বিগত দু'বছরে বিশ্বের রাজনৈতিক অঙ্গনে তেমন কোন বড় সংঘাত দেখা যায়নি যে কারণে বিশ্বের অর্থনীতি দ্রুত পুনরুদ্ধার সম্ভবপর হয়েছে। যদিও অনেকে আশঙ্কা করেছেন যে এই পুনরুদ্ধার মন্দাকে কাটিয়ে না উঠে শুধুমাত্র ভবিষ্যতের প্রকোষ্ঠে ঠেলে দিয়েছে। যুক্তরাষ্ট্র, ইউরোপ, চীন প্রভৃতি দেশের সরকার যে আর্থিক প্রণোদনা কর্মসূচি নিয়েছে তাতে সময়মত লাগাম টেনে ধরতে হবে। তা না হলে সহজ নগদ প্রবাহ চলতে থাকলে বিশ্বের অর্থনীতিতে পুনরায় ২০০৮ সালের মত অস্থিরতার জন্ম নিবে।



বাসাবো এসএমই সেন্টার



আর্থলিয়া এসএমই/কৃষি শাখা



বিয়ানীবাজার শাখা



যাত্রাবাড়ী এসএমই সেন্টার

## বাংলাদেশ অর্থনীতি

বাংলাদেশের অর্থনীতি ২০০৯ অর্থ বছরে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা পুনঃবহালের পর বিশ্বজুড়ে মন্দা পরিস্থিতির বিপরীতে আশাব্যঞ্জক প্রবৃদ্ধি অর্জন করেছে। যদিও এসময় দেশ বেশ কিছু প্রতিকূলতার মুখোমুখি হয়েছিল, যার মধ্যে উল্লেখযোগ্য ছিল ঘূর্ণিঝড় আইলা, সোয়াইন ফ্লুর বিস্তার ও গার্মেন্টস সেক্টরে শ্রমিক অসন্তোষ। দেশের অর্থনীতিতে এসময়ে ২০০৮ সালের শুরু হওয়া বিশ্বঅর্থনীতিক মন্দার প্রভাবও পরিলক্ষিত হয়। যদিও বিশ্বঅর্থনীতির সাথে অপেক্ষাকৃত কম সম্পর্ক থাকায় বাংলাদেশের অর্থনীতি বিশ্বমন্দার চরম প্রভাব থেকে রক্ষা পায়। এসব প্রতিকূলতার মাঝেও সন্তোষজনক কৃষি উৎপাদন, রপ্তানি ও প্রবাসী আয়ে স্থিতিশীল প্রবৃদ্ধি ও সেবা খাতের প্রবৃদ্ধি দেশের জিডিপি কে ২০০৯ অর্থবছরে শতকরা ৫.৯ ভাগ<sup>৩</sup> প্রবৃদ্ধি দিয়েছে।

বৈশ্বিক এই প্রতিকূল অবস্থার মধ্যেও বাংলাদেশ ২০১০ অর্থবছর শুরু করেছে কিছুটা ইতিবাচক পরিবেশের মধ্যদিয়ে, বিশ্ব বাজারে দ্রব্যমূল্যের হ্রাস এবং দেশে খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধি মূল্যস্ফীতিকে ২০০৮ অর্থবছরের শতকরা ৯.৯ ভাগ থেকে ২০০৯ অর্থ বছরের শেষে শতকরা ৬.৭ ভাগে কমিয়ে এনেছে। অর্থনীতির অন্যান্য ক্ষেত্রগুলোও ইতিবাচক পর্যায়ে রয়েছে।<sup>৩</sup>

### মোট দেশজ উৎপাদন (জিডিপি)

২০০৯ অর্থবছরে দেশের জিডিপি শতকরা ৫.৯ ভাগে<sup>৩</sup> নেমে এসেছিল যা ২০০৮ সালে ছিল শতকরা ৬.২ ভাগ। বৈশ্বিক মন্দার পরিস্থিতিতে জিডিপির এই প্রবৃদ্ধিকে সন্তোষজনক বলা যায়। খাদ্যশস্যের বাম্পার ফলন, স্থিতিশীল রপ্তানি প্রবৃদ্ধি এবং প্রবাসী আয়ের গতিশীলতা দেশের প্রবৃদ্ধিকে ৬ শতাংশের কাছাকাছি নিয়ে গেছে। এই অর্থ বছরে আমদানিজনিত খরচ কম হবার সাথে সাথে প্রবাসী আয় এবং রপ্তানি আয় বৃদ্ধি দেশের মুদ্রা বাজারে টাকা ও মার্কিন ডলারের বিনিময় ভারসাম্য রক্ষায় সহায়তা করেছে। বিশ্বের অন্যান্য দেশের অর্থনীতি চলমান মন্দার যে ধাক্কা অনুভব করেছে বাংলাদেশের আর্থিক প্রতিষ্ঠানগুলো সে তুলনায় তেমন একটা প্রভাবিত হয়নি বললেই চলে।

আন্তর্জাতিক আর্থিক বাজার ও প্রতিষ্ঠানসমূহ বিরূপ শ্রেণীভুক্ত সম্পদের কারণে যেরকম পর্যদুস্ত হয়েছে বাংলাদেশের আর্থিক প্রতিষ্ঠানগুলো সে রকম ঝুঁকিতে পড়েনি। যদিও এসময় রপ্তানি পণ্যের চাহিদা কমে যাওয়ায় বেশ কিছু পণ্যের রপ্তানিতে নেতিবাচক প্রভাব পড়েছে। এছাড়া মূলধনী যন্ত্রপাতি আমদানিতে হ্রাস দেশের বিনিয়োগ কার্যকলাপে স্থবিরতা হিসাবে চিহ্নিত করা যেতে পারে। যদিও বিশ্ব অর্থনীতিতে পুনঃজাগরণের কিছু লক্ষণ দেখা যাচ্ছে তথাপি দেশে ২০১০ সাল পর্যন্ত বিশ্বমন্দার প্রভাব অবস্থান করবে বলে ধারণা করা হচ্ছে। ২০১০ অর্থবছরের জন্য দেশের প্রকৃত জিডিপি<sup>৩</sup>র প্রবৃদ্ধি শতকরা ৫.৫ ভাগ<sup>৩</sup> ধারণা করা হচ্ছে যা বিশ্ব অর্থনীতির দ্রুত পুনরুদ্ধারে বাড়বে বলে আশা করা হচ্ছে।

### শিল্প খাত<sup>৩</sup>

গত অর্থ বছরে জিডিপিতে শিল্প খাতের অবদান ছিল শতকরা ২৯.৭ ভাগ। শিল্প খাতের প্রবৃদ্ধি ২০০৯ অর্থ বছরে হ্রাস পেয়ে শতকরা ৫.৯ ভাগে নেমে এসেছে যা ২০০৮ অর্থবছরে ছিল শতকরা ৬.৮ ভাগ। ম্যানুফ্যাকচারিং-এ কম উৎপাদন এই খাতের প্রবৃদ্ধি হ্রাসের প্রধান কারণ।

<sup>৩</sup> বার্ষিক প্রতিবেদন ২০০৯, বাংলাদেশ ব্যাংক



হ্যাচারী প্রজেক্ট



কস্টেইনার ইয়ার্ড প্রজেক্ট

২০০৯ অর্থবছরে খনিজ উত্তোলন উপখাতে শতকরা ৯.৪ ভাগ প্রবৃদ্ধি অর্জিত হয় যা ২০০৮ অর্থ বছরে ছিল শতকরা ৮.৯ ভাগ। ম্যানুফ্যাকচারিং উপখাতে ২০০৮ অর্থ বছরের শতকরা ৭.২ ভাগ প্রবৃদ্ধির তুলনায় ২০০৯ অর্থ বছরে শতকরা ৫.৯ ভাগ প্রবৃদ্ধি অর্জিত হয়। বড় ও মাঝারি এবং ক্ষুদ্র উভয় খাতে প্রবৃদ্ধি ২০০৯ অর্থবছরে হ্রাস পেয়ে যথাক্রমে শতকরা ৫.৭ এবং ৬.৬ ভাগ হয়েছে, যা ২০০৮ অর্থবছরে যথাক্রমে শতকরা ৭.৩ এবং ৭.১ ভাগ ছিল।

২০০৯ অর্থ বছরে নির্মাণ শিল্পের প্রবৃদ্ধি ছিল ২০০৮ এর সমান (শতকরা ৫.৭ ভাগ)। বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ উপখাতে অর্জিত প্রবৃদ্ধি হ্রাস পেয়েছে। ২০০৮ অর্থবছরের শতকরা ৬.৮ ভাগ প্রবৃদ্ধির বিপরীতে ২০০৯ অর্থ বছরে এখাতে প্রবৃদ্ধির হার ছিল শতকরা ৪.৫ ভাগ। বছর জুড়ে বিদ্যুৎ ও গ্যাসের অপ্রতুল যোগান শহর ও গ্রামীণ এলাকায় অসংখ্য সম্ভাবনাময় শিল্পখাতে বিরূপ প্রভাব ফেলেছে।

প্রকৃত খাতকে শক্তিশালী করার লক্ষ্যে শিল্প খাতকে বিশেষ প্রাধান্য দিয়ে সরকার তার প্রথম প্রণোদনা প্যাকেজ ঘোষণা করছে। প্রকৃত খাতে পর্যাপ্ত তারল্য এবং ঋণ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। যেমন: সুদের হার হ্রাস, বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়নের সুযোগ, জামানত হিসাবে সম্পদের গ্রহণ যোগ্যতার মাত্রা বৃদ্ধি ইত্যাদি। এই সব প্রণোদনার ফলে বাংলাদেশ ব্যাংকের নিকট রক্ষিত ব্যাংকের অতিরিক্ত সঞ্চিতি ক্রমান্বয়ে কমতে শুরু করেছে এবং কলমানি রেট ২০০৯ সালের অবস্থান থেকে বাড়তে শুরু করেছে।

### কৃষি খাত<sup>৪</sup>

বাংলাদেশের কৃষি খাতে ২০০৯ অর্থবছরে শতকরা ৪.৬ ভাগ প্রবৃদ্ধি অর্জিত হয় যা বিগত আর্থিক বছরে ছিল শতকরা ৩.২ ভাগ। এ সময়ে খাদ্য শস্য ও কৃষি এবং পশু পালন উপখাতের ভাল উৎপাদন বৃদ্ধির ফলে এই প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। ২০০৯ অর্থ বছরে শস্য এবং কৃষি উপখাতে প্রবৃদ্ধি ছিল শতকরা ৫.০ ভাগ যা ২০০৮ অর্থ বছরে ছিল শতকরা ২.৭ ভাগ। এ সময়ে মোট খাদ্য শস্য উৎপাদন ছিল ৩.২২ কোটি মেট্রিকটন যা ২০০৮ অর্থ বছরে ছিল ২.৯৮ কোটি মেট্রিকটন। অনুকূল আবহাওয়া, অধিকহারে কৃষিক্ষেত্র বিতরণ, কৃষিপণ্যের ন্যায্য দাম, পর্যাপ্ত সার ও অন্যান্য উপকরণের সরবরাহ গত বছরের অধিকতর খাদ্য শস্য উৎপাদনে মূল ভূমিকা পালন করেছে।

২০০৯ অর্থবছরে পশুপালন উপখাতের উৎপাদন বৃদ্ধি ছিল শতকরা ৩.৫ ভাগ যা ২০০৮ অর্থ বছরে ছিল শতকরা ২.৪ ভাগ। এসময়ে বনজ উপখাতের প্রবৃদ্ধি ছিল শতকরা ৫.৫ ভাগ যা ২০০৮ অর্থ বছরের সমান। মৎসখাতে প্রবৃদ্ধি কিছুটা কমে অর্থ বছর ২০০৮ এর শতকরা ৪.২ ভাগ থেকে অর্থ বছর ২০০৯ এ শতকরা ৪.০ ভাগে নেমে আসে। যার অন্যতম কারণ ছিল চিংড়ি শিল্পে নাইট্রো ফ্যুরান নামক নিষিদ্ধ অ্যান্টিবায়োটিকের ব্যবহারে চিংড়ি রোগনি স্থগিত হওয়া।

বাংলাদেশের খাদ্য চাহিদার ৭০ ভাগ পূরণ করে ধান যার উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ হওয়ার চেষ্টা করছে। অর্থ বছর ২০১০-এ শরৎ কালে নিয়মিত বৃষ্টিপাত, বর্ষার বিলম্বিত বৃষ্টির ক্ষতি কাটিয়ে ও প্রয়োজনীয় পানির অভাব পূর্ণিয়ে আমন ধানের আশাব্যঞ্জক উৎপাদনে বিশেষ সহায়তা করেছে। সরকারের বিশেষ মনোযোগ এবং কেন্দ্রীয় ব্যাংকের নিবিড় পর্যবেক্ষণের ফলে বর্তমান অর্থবছরের ১ম কোয়ার্টারে কৃষিখাতে ঋণ বিতরণ উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে। ঘোষিত কৃষি ঋণের সফল বিতরণ তার সাথে অনুকূল আবহাওয়া বিরাজ করলে দেশ ২০১০ অর্থ বছরে কৃষিখাতে সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জন করবে বলে আশা করা যাচ্ছে।

## সেবা খাত<sup>৫</sup>

দেশের জিডিপিতে সেবাখাতের অবদান ২০০৯ অর্থ বছরে ছিল ৪৯.৭ ভাগ। আর এখাতে প্রবৃদ্ধি শতকরা ৬.৩ ভাগ যা ২০০৮ অর্থ বছরের শতকরা ৬.৫ ভাগের তুলনায় সামান্য কিছু কম। উপখাতগুলোর মধ্যে এসময়ে পাইকারি ও খুচরা বাণিজ্য শতকরা ৬.৪ ভাগ, পরিবহন সংরক্ষণ এবং যোগাযোগ খাত শতকরা ৭.৬ ভাগ, আবাসন খাতে শতকরা ৩.৮ ভাগ এবং সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতে শতকরা ৪.৭ ভাগ প্রবৃদ্ধি অর্জিত হয়।

## আর্থিক খাত :

### ১. রাজস্ব ব্যয় সমূহ

২০০৯ অর্থ বছরে সরকারের চলতি ব্যয় ২০০৮ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। চলতি ব্যয়ের মধ্যে ২০০৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি খাতে ব্যয় ছিল ২৩,০০০ কোটি টাকা<sup>৫</sup> যা ২০০৮ অর্থ বছরের তুলনায় বেশি। রাজস্ব ব্যয় ২০০৯ অর্থ বছরে অনেক বেড়েছে যার প্রধান কারণ ছিল বছরের প্রথম ভাগে দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক বাজারে পণ্যের উচ্চ মূল্য। ২০১০ অর্থ বছরের শুরুতে পণ্য মূল্যের হ্রাস রাজস্ব ব্যয়কে কিছুটা নিয়ন্ত্রণ করেছে। পণ্যের মূল্য হ্রাসের কারণে সরকারের বিভিন্ন খাতে ভর্তুকির পরিমাণ কমায়ে ২০১০ অর্থ বছরের শুরুতে রাজস্ব ব্যয়ের হ্রাস পরিলক্ষিত হয়। রাজস্ব ব্যয়ের অন্যতম প্রধান খাত সুদ ব্যয়ের পরিমাণও বর্তমান অর্থ বছরের শুরুতে হ্রাস পেয়েছে।

### ২. রাজস্ব আয় সমূহ<sup>৫</sup>

বৈশ্বিক আর্থিক মন্দার নেতিবাচক প্রভাব সত্ত্বেও ২০০৯ অর্থ বছরে রাজস্ব আয় সংগ্রহ শতকরা ১৪.৩ ভাগ বৃদ্ধি পেয়েছে। এই সময়ে আমদানি খাতে কর সংগ্রহ অল্প বাড়লেও স্থানীয় পর্যায়ে আয়কর ও পরোক্ষ কর সংগ্রহ আশাব্যঞ্জক বৃদ্ধি পেয়েছে। রাজস্ব বোর্ড-ভিন্ন কর সংগ্রহের পরিমাণ ২০০৮ অর্থ বছরের তুলনায় ২০০৯ অর্থ বছরে খুবই কম ছিল। আর ২০১০ অর্থ বছরের প্রথম চতুর্থাংশেও এ উৎস থেকে কর সংগ্রহ বিগত বছরে তুলনায় হ্রাস পেয়েছে।

২০১০ অর্থ বছরে জাতীয় রাজস্ব বোর্ড সর্বমোট ৬৩৯.৬ বিলিয়ন টাকা রাজস্ব আয়ের পরিকল্পনা করেছে। এ পরিমাণ রাজস্ব আয় যদি অর্জিত হয়, তবে ২০০৯ অর্থ বছরের তুলনায় ১৬.১ ভাগ প্রবৃদ্ধি অর্জিত হবে। রাজস্ব আয়ের মধ্যে রয়েছে মূল্য সংযোজন কর (মুসক) ২২৭.৯৫ বিলিয়ন টাকা, আয়কর খাতে ১৬৫.৬০ বিলিয়ন টাকা, কাস্টম শুল্ক খাতে ১০৪.৩ বিলিয়ন টাকা এবং অন্যান্য উৎস থেকে ১১২.২ বিলিয়ন টাকা। যদি এই প্রাক্কলিত আয় অর্জন সম্ভব হয় তবে প্রবৃদ্ধি হবে মুসক খাতে শতকরা ১৩.৩ ভাগ, আয়কর খাতে ১৯.৫ ভাগ এবং কাস্টম শুল্ক খাতে ১১.৮ ভাগ।

## বাহ্যিক খাত

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা এবং দেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলে ঘূর্ণিঝড় আইলার বিধ্বংসী প্রভাব সত্ত্বেও বৈদেশিক খাতে বাংলাদেশ ২০০৯ অর্থ বছরে সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জন করে। রপ্তানি ও প্রবাসী আয়ের মাধ্যমে দেশে বৈদেশিক মুদ্রার পর্যাপ্ত আন্তঃপ্রবাহ বছর জুড়ে বৈদেশিক মুদ্রা বাজারকে স্থিতিশীল রাখে। আন্তর্জাতিক বাজারে খাদ্য শস্য ও জ্বালানি দ্রব্যের মূল্য হ্রাসের কারণে বৈদেশিক মুদ্রার চাহিদা থাকায় টাকা-ডলার এর বিনিময় হার প্রায় অপরিবর্তিত ছিল। প্রবাসী আয় এবং রপ্তানি আয় খাতে দুই অঙ্কের প্রবৃদ্ধির ফলে দেশে মোট বৈদেশিক মুদ্রার সঞ্চিত বৃদ্ধি পায়।

### ১. রপ্তানি<sup>৫</sup>

বৈশ্বিক অর্থনৈতিক মন্দায় উন্নত দেশসমূহে বাংলাদেশের পণ্যের চাহিদা কমে যাওয়ায় দেশের রপ্তানি বাণিজ্য ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আশঙ্কা করা হয়েছিল কিন্তু এ আশঙ্কা দূর করে দেশ ২০০৯ অর্থবছরে রপ্তানি খাতে সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জন করে। ২০০৯ অর্থ বছরে দেশের মোট রপ্তানি ছিল ১,৫৫৬.৫২ কোটি ইউএস ডলার যা ২০০৮ অর্থ বছরে ছিল ১,৪১১.০৮ কোটি ইউএস ডলার, রপ্তানির প্রবৃদ্ধি ছিল শতকরা ১০.৩ ভাগ। বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের বৈশিষ্ট্য হলো সীমিত বাজারে স্বল্প কিছু পণ্যের আধিপত্য। মোট রপ্তানিতে নীটওয়্যার পণ্য শতকরা ৪১.৩১ ভাগ, তৈরী পোশাক ৩৮.০২ ভাগ, হিমায়িত চিংড়ি ২.৯২ ভাগ এবং পাটজাত পণ্য ১.৭ ভাগ অবদান রাখছে। দেশের প্রধান রপ্তানি বাজার মূলত যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, স্পেন, নেদারল্যান্ডস, জার্মানি, বেলজিয়াম, ইতালি, ভারত, জাপান ও দক্ষিণ কোরিয়া।

দেশের জিডিপি প্রবৃদ্ধি শতকরা ৫.৫ ভাগ এর সাথে সামঞ্জস্যতা বজায় রাখতে হলে আমাদের রপ্তানি বাণিজ্য বৃদ্ধি করতে হবে। এটা বাস্তবায়ন করতে হলে নতুন সম্ভাবনাময় খাত চিহ্নিতকরণ, উচ্চ মূল্য সংযোজিত পণ্য চিহ্নিতকরণ, পণ্যের বাজার বিস্তৃতকরণ একই সাথে পণ্যের মান নিশ্চিতকরণ, উন্নত মোড়কীকরণ এবং বাজারজাতকরণ কৌশলের প্রসার খুবই প্রয়োজনীয়।

<sup>৫</sup> বার্ষিক প্রতিবেদন ২০০৯, বাংলাদেশ ব্যাংক

## ২. আমদানি

২০০৯ অর্থবছরে বাংলাদেশের মোট আমদানির পরিমাণ ছিল ২,০২৯.১০ কোটি ইউএস ডলার এবং ২০০৮ অর্থ বছরে এর পরিমাণ ছিল ১,৯৪৮.১০ কোটি ইউএস ডলার। আমদানি খাতে দেশের প্রবৃদ্ধি ছিল ২০০৮ অর্থ বছরের তুলনায় ৪.২ ভাগ<sup>৬</sup>। আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্য হ্রাস এবং দেশে ধানের বাম্পার ফলনের ফলে খাদ্য শস্যের আমদানি হ্রাস পেয়েছে। এই সময়ে চাল, দুধ ও ননী, পঁয়াজ, তেল ও সকল ধরণের ডালের আমদানি হ্রাস পেয়েছে। অপরপক্ষে হ্রাসকৃত অভ্যন্তরীণ উৎপাদন এবং চাহিদা বৃদ্ধির কারণে চিনি, গম ও তেল বীজের আমদানি বৃদ্ধি পেয়েছে।

এসময়ে উৎপাদন খাতে ব্যবহৃত মধ্যবর্তী পণ্য ক্রিংকার, অপরিশোধিত জ্বালানি তেল ও ঔষধ সামগ্রীর আমদানি হ্রাস পেয়েছে। অন্যদিকে চাহিদা বৃদ্ধি ও অভ্যন্তরীণ স্বল্প উৎপাদনের কারণে রাসায়নিক পণ্য, সার, ডায়িং ও ট্যানিং পণ্য, প্লাস্টিক ও রাবার সামগ্রী, কাঁচা তুলা, সুতা এবং টেক্সটাইল পণ্যের আমদানি বৃদ্ধি পেয়েছে।

গত বছরে অভ্যন্তরীণ বিনিয়োগ হ্রাসের ফলে মূলধনী যন্ত্রপাতির আমদানি হ্রাস পায় তবে সাময়িক এল/সি খোলার ধারা মূলধনী যন্ত্রপাতির আমদানিতে আশাব্যঞ্জক দৃশ্যপট প্রকাশ করেছে। এই অবস্থানকে ধরে রেখে শিল্পোৎপাদন বাড়িয়ে রপ্তানি বৃদ্ধি বিশ্বের মন্দা অবস্থার পুনরুদ্ধারের উপর অনেকাংশে নির্ভর করবে।

## ৩. প্রবাসী আয়

কয়েক যুগ ধরে প্রবাসী আয় অনেক উন্নয়নশীল দেশের অর্থনীতির প্রধান নিয়ামক হিসেবে আর্বিভূত হয়েছে। বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী আয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০০৯ অর্থ বছরে বাংলাদেশের সর্বমোট প্রবাসী আয় ছিল ৯৬৮.৯৩ কোটি ইউএস ডলার যা ২০০৮ অর্থ বছরে ছিল ৭৯১.৪৮ কোটি ইউএস ডলার<sup>৬</sup>। বৈশ্বিক অর্থনৈতিক মন্দা স্বত্ত্বেও প্রবাসী আয়ে শতকরা ২২.৪২ ভাগ প্রবৃদ্ধিকে অসাধারণ সাফল্য হিসেবে বিবেচনা করা যেতে পারে।

সাম্প্রতিক কালের জনশক্তি রপ্তানি হ্রাস এবং প্রবাসী শ্রমিকদের প্রত্যাবর্তনের হার বৃদ্ধি পাওয়া সত্ত্বেও বিগত কয়েক মাসে প্রবাসী আয়ের প্রবাহ স্থিতিশীল ছিল। বৈধ পন্থায় প্রবাসী আয় প্রেরণে উৎসাহ দানের জন্য বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপ, ব্যাংকগুলোর নেটওয়ার্ক বৃদ্ধি এবং মুদ্রার বিনিময় হারের স্থিতিশীলতা প্রবাসী আয়ের প্রবাহে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

## ৪. লেনদেনের উদ্বৃত্ত

বাংলাদেশ সাম্প্রতিক বছরগুলোতে বৈদেশিক লেনদেনে ধনাত্মক উদ্বৃত্ত বজায় রাখতে সক্ষম হয়েছে। চলতি হিসাবে অধিক উদ্বৃত্ত থাকার ফলেই এটা সম্ভব হয়েছে। ২০০৯ অর্থবছরে চলতি হিসাবে উদ্বৃত্ত ছিল সর্বোচ্চ পরিমাণ। স্বল্প বাণিজ্য ঘাটতি এবং প্রবাসী আয়ের শক্তিশালী প্রবৃদ্ধি এই উদ্বৃত্তে সাহায্য করেছে। অপেক্ষাকৃত কম বাণিজ্য ঘাটতি এবং স্থিতিশীল প্রবাসী আয় বৃদ্ধির ফলে চলতি হিসাবের উদ্বৃত্তে সন্তোষজনক অগ্রগতি সম্ভব হয়েছে। বিশাল পরিমাণে ব্যক্তিগত অর্থ স্থানান্তরও চলতি হিসাব উদ্বৃত্তের অগ্রগতিতে সহায়তা করেছে। লেনদেনের এই উদ্বৃত্ত দেশের ঋণিক কমিয়ে বিদেশী বিনিয়োগকারীদের আরও আকৃষ্ট করবে।

দীর্ঘমেয়াদী লেনদেন উদ্বৃত্ত নিয়ন্ত্রণের চাবিকাঠি হচ্ছে দেশের মুদ্রাস্ফীতিকে একটি স্বল্প মাত্রার মধ্যে নিয়ন্ত্রণে রেখে রপ্তানি খাতে স্থিতিশীল প্রবৃদ্ধি নিশ্চিত করা এবং অভ্যন্তরীণ চাহিদা মেটানোর জন্য উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা। বৈদেশিক লেনদেনে একটি স্থিতিশীল ভারসাম্য রক্ষার জন্য আমাদের আজ দেশের রপ্তানি পণ্য ও বাজারের বিস্তৃতকরণ এবং অধিক মূল্য সংযোজিত পণ্যের রপ্তানির সাথে সাথে নতুন পণ্য ও সেবা রপ্তানির দিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন। দেশের সাম্প্রতিক তৈরি রপ্তানি নীতিতেও এ সকল বিষয়ে কিছু দিক নির্দেশনা রয়েছে।

## ৫. মুদ্রাস্ফীতি

দেশের অর্থনৈতিক উন্নয়নে মুদ্রাস্ফীতি একটি প্রধান ভূমিকা পালন করে এবং বাংলাদেশ সরকারের জন্য মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা একটি বড় চ্যালেঞ্জ। ভোগ্য পণ্যের দাম হ্রাস পাওয়ায় বিগত অর্থ বছরে মুদ্রাস্ফীতিতে কিছুটা নিম্নগতি পরিলক্ষিত হয়। ২০০৮ সালের শুরুতে দিকে পণ্যের দাম বৃদ্ধি অসহনীয় পর্যায়ে আসায় মুদ্রাস্ফীতি দেশের জন্য গভীর উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছিল। মুদ্রাস্ফীতির এই বৃদ্ধি ছিল দেশের রাজনৈতিক পরিস্থিতি এবং আন্তর্জাতিক পণ্যের মূল্য বৃদ্ধি এই দুইয়ের একটি মিলিত ফলাফল।

২০০৮ এর মাঝামাঝিতে আন্তর্জাতিক পণ্যের মূল্য সূচক সর্বোচ্চ অবস্থানে পৌঁছায়। এরপর থেকে জ্বালানি মূল্যের পাশাপাশি বিশ্বব্যাপী দ্রব্য মূল্য কমে থাকে এবং যা দেশের মুদ্রাস্ফীতির চাপ কমায়। গণতান্ত্রিক সরকারের আগমনের পর মুদ্রাস্ফীতি আরও কমে আসে। দেশে শস্য উৎপাদনের বৃদ্ধিও মুদ্রাস্ফীতিকে নিয়ন্ত্রিত মাত্রায় নিয়ে আসতে ভূমিকা রাখে।

সরকারের নতুন বেতন কাঠামো সম্পূর্ণরূপে বাস্তবায়িত হলে মুদ্রাস্ফীতির উপর কিছুটা চাপ পড়তে পারে। এছাড়া ২০১০ অর্থবছরের শেষভাগে বার্ষিক উন্নয়ন প্রোগ্রামের খরচ বৃদ্ধি পেলে মুদ্রা প্রবাহ বৃদ্ধি পেয়ে মুদ্রাস্ফীতি বাড়তে পারে। বৈদেশিক মুদ্রার সঞ্চিতি বৃদ্ধি এবং প্রবাসী আয় প্রবাহ মুদ্রাস্ফীতির চাপকে আরও তুরাশিত করবে। যদি আন্তর্জাতিকভাবে পণ্যের মূল্যহ্রাস এবং দেশে খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধি অব্যাহত থাকে তাহলে ২০১০ অর্থ বছরে মুদ্রাস্ফীতির মাত্রা শতকরা ৬.৫ ভাগ<sup>১</sup> এর মধ্যে রাখা সম্ভব। কিন্তু উন্নয়নশীল দেশসমূহে অর্থনৈতিক পুনরুদ্ধারের ফলে কিছু পণ্যের মূল্য আন্তর্জাতিক বাজারে বৃদ্ধি পেতে পারে।

## ৬. বিনিময় হার<sup>১</sup>

২০০৯ অর্থ বছরে টাকা/ডলারের বিনিময় হার ৬৯.১ : ১ এ স্থিতিশীল ছিল। প্রবাসী আয়ের স্থির প্রবাহ, অপেক্ষাকৃত কম আমদানি চাহিদা ও শক্তিশালী বৈদেশিক মুদ্রার সঞ্চিতি বিনিময় হারকে স্থিতিশীল রাখতে সহায়তা করেছে। ২০০৮ এর ডিসেম্বরে টাকা ও ইউএস ডলারের বিনিময় হার ছিল ৬৮.৮৯ : ১। যা কিছু অবচয় হয়ে ২০০৯ এর ডিসেম্বরে দাঁড়ায় ৬৯.২৭ : ১। তবে মুদ্রাস্ফীতি হ্রাসের ফলে কার্যকর বিনিময় হারে মূলত কিছুটা উন্নয়ন ঘটেছে। প্রকৃত বিনিময় হার বৃদ্ধিতে দেশের রপ্তানি খাত কিছুটা প্রতিযোগিতার সম্মুখীন হবে।

আমদানি-রপ্তানি, মুদ্রাস্ফীতি, মুদ্রাবাজারের চাপ, নীট বৈদেশিক সম্পত্তি, অভ্যন্তরীণ সম্পত্তি ইত্যাদি উপাদনগুলোর নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে বিনিময় হার ব্যবস্থাপনা প্রয়োজনীয়। স্বল্প ও দীর্ঘ মেয়াদে স্থিতিশীলতার জন্য একটি নিয়ন্ত্রিত ভাসমান মুদ্রানীতি বাংলাদেশের জন্য উপযুক্ত। একটি নির্দিষ্ট মাত্রা পর্যন্ত বাজার ধারার সাথে মুদ্রার বিনিময় হারকে পরিবর্তিত হতে দেয়া উচিত তবে এই পরিবর্তনকে সুশৃঙ্খল রাখার জন্য কিছু পদক্ষেপ নেয়া যেতে পারে।

## মুদ্রানীতি

কৃষিক্ষেত্র ও প্রবাসী আয়ে স্থিতিশীলতার কারণে এবং উন্নত বিশ্বের সাথে সীমিত লেনদেন থাকতে বাংলাদেশ বিশ্ব অর্থনৈতিক মন্দার প্রভাব থেকে মুক্ত থাকতে পেরেছে। পরিবর্তনশীল অর্থনৈতিক পরিবেশে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং একই সাথে রপ্তানিকারক ও ভোক্তাদের স্বার্থ রক্ষা করে এমন মুদ্রানীতি প্রণয়ন একটি বড় চ্যালেঞ্জ। বাংলাদেশ ব্যাংক তার ২০১০ অর্থবছরের মুদ্রানীতির বিবরণে কৃষি খাত এবং অন্যান্য প্রকৃত খাতগুলোতে ঋণের প্রবাহ বৃদ্ধিতে গুরুত্ব আরোপ করেছে, যা ৫.৫ ভাগ জিডিপি অর্জনে সহায়তা করবে। মুদ্রানীতির বিস্তারিত নিম্নে আলোচনা করা হল :

## ১. অর্থের যোগান<sup>১</sup>

২০০৯ অর্থবছরে ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি ছিল শতকরা ১৯.২ ভাগ, ২০০৮ অর্থ বছরে এই প্রবৃদ্ধি হার ছিল শতকরা ১৭.৬ ভাগ। নীট বৈদেশিক সম্পত্তি খাতে অপেক্ষাকৃত বেশি অর্জনের ফলে ব্যাপক মুদ্রার এই প্রবৃদ্ধি হয়েছে। গত অর্থ বছরের শতকরা ১৫.১ ভাগ প্রবৃদ্ধি তুলনায় ২০০৯ অর্থ বছরে নীট বৈদেশিক সম্পত্তিতে প্রবৃদ্ধি ছিল শতকরা ২৬.৭ ভাগ। ২০০৯ অর্থ বছরে সরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি হার ছিল শতকরা ২০.৩ ভাগ যা ২০০৮ অর্থবছরে ছিল ১১.৭ ভাগ। অপরদিকে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি এসময়ে ছিল শতকরা ১৪.৬ ভাগ, যা বিগত অর্থ বছরের ২৪.৯ ভাগের তুলনায় অনেক কম।

## ২. তারল্য আধিক্য

তালিকাভুক্ত ব্যাংক সমূহের তারল্য আধিক্য ২০০৯ অর্থ বছরে একটি উল্লেখযোগ্য এবং অস্বস্তিকর বিষয় ছিল। ২০০৯ সালের মাঝামাঝিতে ব্যাংকিং ব্যবস্থায় তারল্যের অবস্থান ছিল ৩৫,১১১.১০ কোটি টাকা<sup>১</sup> যা বিগত কয়েক বছরের মধ্যে সর্বোচ্চ। ব্যবসায়িক গোষ্ঠীর মধ্যে বিনিয়োগে অনীহা, বৈশ্বিক আর্থিক মন্দা এবং গ্যাস ও বিদ্যুতের যোগানের স্বল্পতার সমন্বিত প্রভাবের কারণে ব্যবসা খাতে ঋণের চাহিদা হ্রাস পেয়ে ব্যাংকিং খাতে তারল্য আধিক্য পরিস্থিতির উদ্ভব হয়। ২০১০ সালের শুরু থেকে এই তারল্য অবস্থা কমতে শুরু করেছে।

## ৩. শিল্প ঋণ<sup>১</sup>

২০০৯ অর্থ বছরে শিল্প খাতে বিনিয়োগের পরিমাণ যে কমেছে তা শিল্প ঋণ বিতরণের পরিমাণ থেকেই প্রতীয়মান হয়। ২০০৯ অর্থবছরে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের শিল্প ঋণের বিতরণ ছিল ১৯,৯৮০ কোটি টাকা যা আগের অর্থ বছরের তুলনায় শতকরা ০.৯ ভাগ কম। অর্থবছর শেষে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সর্বমোট শিল্প ঋণের স্থিতি ছিল ৪৭,৮১০ কোটি টাকা। ২০০৯ অর্থ বছরে ঋণ প্রদানের ক্ষেত্রে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর সর্বাধিক শেয়ার ছিল। তারপরের অবস্থান যথাক্রমে বিদেশী বাণিজ্যিক ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সরকারি বাণিজ্যিক ব্যাংক এবং পাঁচটি বিশেষায়িত ব্যাংক।

<sup>১</sup> বার্ষিক প্রতিবেদন ২০০৯, বাংলাদেশ ব্যাংক

## ৪. কৃষি ঋণ

দেশের কেন্দ্রীয় ব্যাংক তাদের কর্মসূচিতে কৃষি ঋণকে বিশেষ প্রাধান্য দিয়েছে এবং সকল ব্যাংককে তাদের স্ব স্ব পোর্টফোলিয়তে কৃষি ঋণে একটি উল্লেখযোগ্য অংশ রাখার নির্দেশ দিয়েছে। ফলে ২০০৯ সালে কৃষি ঋণ প্রদান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কৃষি খাতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদানে উৎসাহিত করার জন্য একটি সহজ ও নির্ভরযোগ্য কৃষি ঋণ মূল্যায়ন কৌশল, ঋণ বিতরণ ও আদায়ের উন্নত ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন।

## ৫. সুদ হার<sup>৮</sup>

একদিকে উচ্চ প্রবৃদ্ধি হার এবং অন্যদিকে মুদ্রাস্ফীতির উর্দ্ধগতির কারণে আমাদের দেশে সুদের হার একটি বির্তকের বিষয়। ২০০৮ সালে ঋণের সুদের হার কমানোর জন্য বাংলাদেশ ব্যাংক বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ নেয়। উৎপাদনশীল খাতের ঋণের জন্য একটি সর্বোচ্চ মাত্রা নির্ধারণ করে দেওয়া হয়েছে। সর্বোচ্চ সুদ নির্ধারিত হওয়ায় বাণিজ্যিক ঋণের গড় সুদের হার ২০০৮ সালের ১৩.২৪ শতাংশ থেকে ২০০৯ সালে ১২.৮৭ শতাংশে নেমে এসেছে। একই সময়ে আমানতের গড় সুদের হার ২০০৮ সালের ৮.১৫ শতাংশ থেকে কমে ৭.৩৩ শতাংশ হয়েছে। ঋণ ও আমানতের সুদের হারের এই পরিবর্তনের ফলে সুদ হারের ব্যবধান ২০০৮ সালের ৫.০৯ শতাংশ থেকে বেড়ে ২০০৯ সালে ৫.৫৪ শতাংশে দাঁড়িয়েছে।

সুদের হারের এই উচ্চ ব্যবধানের কারণ হচ্ছে ব্যাংকগুলোর স্বল্প দক্ষতা এবং ঋণে উচ্চ মাত্রার ঝুঁকি। ব্যাংকিং খাত এখনো পুরোপুরি স্বয়ংক্রিয় হয়নি যা এ খাতের দক্ষতা বৃদ্ধিতে প্রধান বাধা। ব্যাংক পরিচালনা ও ঋণ ব্যবস্থাপনায় খরচ বৃদ্ধি, মন্দ ঋণের ঝুঁকি ব্যাংকগুলোকে ঋণের সুদের হার কমানো থেকে বিরত রেখেছে যার উন্নতিতে সুদের ব্যবধান আরও কমতে পারত।

## ৬. কলমানি হার<sup>৮</sup>

২০০৯ সালে শুরুর দিতে কলমানি হার ছিল শতকরা ১০ ভাগের কাছাকাছি। বছরের প্রথম সময়ে এই হার শতকরা ৭.৫ ভাগ থেকে ৯.৫ ভাগের মধ্যে সীমাবদ্ধ ছিল। এই সময় পর ব্যাংকিং ব্যবস্থা থেকে সরকারের ঋণ গ্রহণ হ্রাস এবং অভ্যন্তরীণ ঋণের চাহিদা পতনে পরিস্থিতির ব্যাপক পরিবর্তন হয়। কিছু সময়ের জন্য কলমানি হার শতকরা ০.১ ভাগ থেকে ১.০ ভাগের মধ্যে লেনদেন হয়েছে যা কোন সময়ে শতকরা ০.০৪ ভাগ পর্যন্ত নেমে এসেছে। ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার সময়ে কিছুটা বাড়লেও কলমানি হার বছর শেষে প্রায় শূণ্যের কাছাকাছি ছিল।

## ৭. বৈদেশিক মুদ্রা সঞ্চিতি

সাম্প্রতিক সময়ে বৈদেশিক মুদ্রা সঞ্চিতি পরিস্থিতির ভাল উন্নতি হয়েছে। ২০০৯ অর্থ বছরের সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা সঞ্চিতির পরিমাণ ছিল ১,০২৬ কোটি মার্কিন ডলার<sup>৮</sup>। মুদ্রা সঞ্চিতির এই পরিস্থিতির নেপথ্যে রয়েছে প্রবাসী আয়ের বর্ধিত প্রবাহ, স্থিতিশীল রপ্তানি আয় এবং অপেক্ষাকৃত কম আমদানি ব্যয়। মুদ্রাস্ফীতি ও বিনিময় হারের মত মুদ্রানীতির গুরুত্বপূর্ণ বিষয় সমূহের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে বৈদেশিক মুদ্রা সঞ্চিতি ব্যবস্থাপনাই ছিল প্রধান কৌশল। এই উচ্চ বৈদেশিক মুদ্রা সঞ্চিতির যথার্থ ব্যবহারে বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনায় কিছু নিয়ম শিথিল করেছে। এই পদক্ষেপগুলোর মধ্যে অন্যতম হলো স্থানীয় ব্যাংকগুলোকে বৈদেশিক মুদ্রায় স্থানীয় প্রতিষ্ঠানগুলোকে ঋণ প্রদানের সুযোগ প্রদান। ইতঃপূর্বে শুধুমাত্র বিদেশী ব্যাংকগুলো বৈদেশিক মুদ্রায় ঋণ দিতে পারত এবং স্থানীয় ব্যাংকগুলোকে বাংলাদেশ ব্যাংকের অফ-শোর ব্যাংকিং ইউনিট থেকে অনুমতি নিতে হত।

## ২০১০ সালের অর্থনৈতিক সম্ভাবনা

রপ্তানি চাহিদা এবং নতুন বিনিয়োগের উপর ২০১০ অর্থ বছরের কার্যক্রম এবং প্রবৃদ্ধি নির্ভর করবে। যদি বৈশ্বিক মন্দা আরও দীর্ঘায়িত হয় তবে দেশের রপ্তানি প্রবৃদ্ধি হয়তো ধরে রাখা সম্ভব হবে না। এছাড়া প্রবাসী শ্রমিকদের চাকরি হারানোর ফলে প্রবাসী আয়ও হ্রাস পাবে। এর ফলে অভ্যন্তরীণ অর্থনৈতিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব পড়বে। বাংলাদেশে ২০১০ অর্থ বছরের বাজেটে সামাজিক নিরাপত্তা বলয়ে ব্যয় বৃদ্ধি এবং যে সকল খাত মন্দায় ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরকে প্রণোদনা প্যাকেজের ব্যবস্থা রাখা হয়েছে। এই সকল পদক্ষেপ এবং বাংলাদেশ ব্যাংকের সহযোগী মুদ্রানীতি দেশের অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে গতির সম্ভরণ করবে এবং আশা করা যায় যদি নীতিসমূহ সঠিকভাবে বাস্তবায়িত হয় তবে বাংলাদেশ প্রাক্কলিত শতকরা ৫.৫ ভাগের অধিক জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে পারবে।



বিজনেস্ কনফারেন্স

### ব্যাংক এশিয়ার কার্যক্রম পর্যালোচনা

২০০৯ সালের শেষে ব্যাংক এশিয়া তার কার্যক্রমের সফল একটি বছর পার করল। দেশীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতা পূর্ণ বাজারে আমানত সংগ্রহ, ঋণ ও অগ্রিম প্রদান, আমদানি ও রপ্তানি ব্যবসা, রেমিট্যান্স ব্যবসা, সম্পদের গুণগত মান রক্ষা এবং মুনাফা অর্জন সব দিক থেকেই ব্যাংক নিজেকে একটি সম্মানযোগ্য স্থানে নিয়ে গেছে। পরিচালনা পর্ষদের সমন্বিত সিদ্ধান্তে ব্যাংক তার লক্ষ অর্জনে এগিয়ে যায়। ব্যাংক এশিয়া তার এই পথ পরিক্রমায় বিভিন্ন নতুন সেবা প্রদান ও নতুন ব্যবসা ক্ষেত্র তৈরী করে গ্রাহকদের চাহিদা পূরণ করেছে। ব্যাংকের এই গ্রাহক শ্রেণীর মধ্যে রয়েছে শহরের বড় কর্পোরেট হাউস থেকে শুরু করে গ্রামের ক্ষুদ্র ব্যক্তি পর্যায়ের গ্রাহক।

### ব্যাংক এশিয়ার ইতিহাস

ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ইং এর আওতায় ব্যাংক এশিয়া লিমিটেড বেসরকারি খাতে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক হিসাবে ১৯৯৯ সালের ২৭ নভেম্বর যাত্রা শুরু করে। এটি বাংলাদেশে পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে কোম্পানি আইন ১৯৯৪ ইং এর আওতায় গঠিত। দেশের কিছু স্বনামধন্য উদ্যোক্তাদের সফল প্রচেষ্টায় ব্যাংক এশিয়া প্রতিষ্ঠিত হয়। ব্যাংকের ব্যবস্থাপনা গঠিত হয়েছে অভিজ্ঞ ব্যাংকারদের সমন্বয়ে যাদের রয়েছে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা।

প্রতিষ্ঠার অল্প সময়ের মধ্যেই ব্যাংক এশিয়া নিজেকে স্থানীয় বেসরকারি ব্যাংকিং অঙ্গনে একটি দ্রুত বর্ধনশীল ব্যাংক হিসাবে স্বীকৃতি অর্জন করেছে। বর্তমানে ব্যাংক তার ৪৪টি শাখার মাধ্যমে দেশের শীর্ষস্থানীয় কর্পোরেট হাউস, ক্ষুদ্র ও মাঝারী শিল্প এবং ব্যক্তি পর্যায়ের গ্রাহকদের সেবা দিয়ে যাচ্ছে। ২০০১ সালে ব্যাংক এশিয়া কানাডার ব্যাংক অফ নোভা স্কোশিয়া'র বাংলাদেশ কার্যক্রম অধিগ্রহণ করে দেশের ব্যাংকিং জগতে একটি নতুন অধ্যায়ের সূচনা করে। ব্যাংক এশিয়া পুরায় ২০০২ সালে পাকিস্তানের মুসলিম কমার্শিয়াল ব্যাংক এর বাংলাদেশ কার্যক্রম অধিগ্রহণ করে। ২০০৩ সালে ব্যাংক সাধারণ বিনিয়োগকারীদের নিকট তার শেয়ার ইস্যু করে এবং ২০০৪ সালে পুঁজি বাজারে তালিকাভুক্ত হয়।

### ২০০৯ সালের সংক্ষিপ্ত আর্থিক কার্যক্রম

২০০৯ সালের উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবেলা করে ব্যাংক এশিয়া ২০০৮ সালের তুলনায় যথেষ্ট প্রবৃদ্ধি অর্জন করে উন্নয়নের ধারা অব্যাহত রেখেছে। গত বছরের তুলনায় ব্যাংক আয় বেড়েছে ৩০.১০ শতাংশ আর ব্যয় বেড়েছে ২৭.১৬ শতাংশ। এসময় কর ও সঞ্চিতি পূর্ব পরিচালনা মুনাফা ৩৭.৩৯ শতাংশ বেড়ে ২৬১.৭০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এই সন্তোষজনক মুনাফা অর্জনের পেছনে রয়েছে আমানত ও ঋণের বৃদ্ধি, সম্পদের গুণগত মান উন্নয়ন, কর্মীদের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং উদ্বৃত্তপত্রের সক্রিয় ব্যবস্থাপনা। ব্যাংকের কর উত্তর নীট মুনাফা দাঁড়িয়েছে ১৩২.৭২ কোটি টাকা।

গড় মূলধন আনুপাতিক আয় দাঁড়ায় শতকরা ৩৩.৬২ ভাগ এবং শেয়ার প্রতি আয় ৬১.৮৮ টাকা। ব্যাসেল-২ অনুযায়ী ব্যাংকের মূলধন পর্যাপ্ততার অনুপাত প্রয়োজনীয় শতকরা ৮ ভাগের বিপরীতে রয়েছে শতকরা ১০.০১ ভাগ। ২০০৯ সালে ব্যাংকের আমানত ২৯.২২ শতাংশ বেড়ে ৫,৪৮৩.৮০ কোটি টাকা হয়েছে এবং ঋণ ও অগ্রিম বেড়েছে শতকরা ২৫.৭৫ ভাগ। এসময়ে ব্যাংকের আমদানি ও রপ্তানি বাণিজ্য যথাক্রমে শতকরা ৩২ ও ২৩ ভাগ বেড়েছে।



ফার্মাসিউটিক্যাল প্রজেক্ট



পেট্রো-কেমিক্যাল প্রজেক্ট

### কর্পোরেট অর্থায়ন ও সিঙিকেশন ঋণ ব্যবস্থা

আমাদের কর্পোরেট অর্থায়নের উদ্দেশ্য হচ্ছে কর্পোরেট গ্রাহকদের বিশেষায়িত প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে পণ্য পরিকল্পনা ও সেবা প্রদান। আমরা আমাদের পণ্য ও সেবাসমূহকে গ্রাহকদের নিকট আরও বেশী গ্রহণযোগ্য ও আকর্ষণীয় করে তৈরী ও পুনর্গঠন করছি। কর্পোরেট গ্রাহকদের সকল প্রকার ব্যাংকিং সেবা প্রদানই আমাদের প্রধান কৌশল হিসাবে কাজ করছে। আমাদের কর্পোরেট গ্রাহকদের মধ্যে রয়েছে একমালিকানা, অংশীদারী, যৌথমূলধনী ও শেয়ার বাজারে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ।

কর্পোরেট অর্থায়নে ব্যাংক এশিয়ার অবদান উল্লেখযোগ্য। বিগত বছরগুলোর মত এবারও আমাদের মোট ঋণের একটি বড় অংশ এই খাতে বিনিয়োগ করা আছে। ২০০৯ সালের শেষে শিল্পখাতে ঋণের স্থিতি দাঁড়ায় ১,৮৩৪.০১ কোটি টাকা যা ২০০৮ সালে ছিল ১৫৯০.৯৯ কোটি। বাণিজ্য খাতে ঋণের স্থিতি ছিল ২,৩৮৫.০৭ কোটি টাকা যা ২০০৮ সালে ছিল ১৪১৪.৪০ কোটি।

কর্পোরেট গ্রাহকদেরকে ব্যাংক এশিয়া দেশের শিল্পায়নে উৎসাহিত করার লক্ষ্যে সিঙিকেশন অর্থায়ন সেবা প্রদান করে থাকে। সিঙিকেশন অর্থায়ন ঝুঁকি প্রশমনে ও প্রকল্পের সঠিক মূল্যায়নে বিশেষ ভূমিকা পালন করে। সিঙিকেশন অর্থায়নে প্রধান ভূমিকার পাশাপাশি গ্রাহক বিস্তৃতির লক্ষ্যে ব্যাংক এশিয়া অন্যান্য ব্যাংক কর্তৃক আয়োজিত সিঙিকেশন অর্থায়নেও অংশগ্রহণ করে থাকে।

কর্পোরেট খাতের মধ্যে বাংলাদেশে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টিকারী অত্যন্ত গুরুত্বপূর্ণ টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প খাতে আমাদের বড় আকারের বিনিয়োগ রয়েছে। ২০০৯ সালের শেষ নাগাদ টেক্সটাইল খাতে আমাদের ঋণের স্থিতি ছিল ৩১৩.১০ কোটি টাকা এবং তৈরী পোশাক শিল্প খাতে ছিল ২৫৪.১০ কোটি টাকা। স্টীল এবং অবকাঠামো শিল্পেও আমাদের বড় ধরনের বিনিয়োগ রয়েছে।

এছাড়াও আমরা অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানগুলোতে তাদের ক্রমবর্ধমান নগদ চাহিদা মেটানোর জন্য অর্থায়ন করেছি। ব্যাংক এশিয়া মূলত ইনস্যুরেন্স ও লিজিং কোম্পানিগুলোকে মেয়াদী ও ওভার ড্রাফট সুবিধা আকারে ঋণ দিয়ে থাকে। বছর শেষে এ প্রতিষ্ঠানগুলোতে আমাদের দেয়া ঋণের পরিমাণ ছিল ৪৭.৭৮ কোটি টাকা।

### ক্ষুদ্র ঋণ

দেশের দারিদ্র বিমোচন আমাদের ব্যবসায়িক নীতির ক্ষেত্রে সর্বদা বিশেষভাবে বিবেচিত হয়ে আসছে। ব্যাংক এশিয়ার অন্যতম মূল উদ্দেশ্য হচ্ছে নিম্ন আয়ের মানুষদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে মৎস চাষ, পোল্ট্রি খামার, কুঁটির শিল্প, পরিবহন এবং ক্ষুদ্র শিল্প কারখানা নির্মাণে সহায়তা করা। তাছাড়া দেশের যেখানে বিদ্যুৎ সরবরাহ রয়েছে সেখানে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গঠন করতেও ব্যাংক এশিয়া অর্থায়ন করেছে। এই উদ্যোগগুলো বেকার যুব সম্প্রদায়ের জন্য কাজের সুযোগ তৈরী করেছে। আমরা প্রাথমিক পর্যায়ে কিছু প্রতিষ্ঠিত এনজিওর মাধ্যমে আমাদের ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করেছি। বর্তমানে আমরা আমাদের গ্রামীণ শাখাগুলোর মাধ্যমেও দারিদ্র বিমোচনে এই কার্যক্রম পরিচালনা করছি। ২০০৯ সালে আমরা মোট ২.২৯ কোটি টাকা ক্ষুদ্র ঋণ হিসেবে বিতরণ করেছি।

### রিটেইল ব্যাংকিং :

#### ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়ন

সাম্প্রতিক বিশ্বের আর্থিক মন্দা অর্থনীতিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের গুরুত্ব আরও বেশি করে ফুটিয়ে তুলেছে। বৈশ্বিক আর্থিক মন্দার পরবর্তী অবস্থা মোকাবেলা করতে বিশ্বের বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান যখন চ্যালেঞ্জের সম্মুখীন তখন ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও সামাজিক স্থিতিশীলতা বজায় রেখে বিশ্ব অর্থনীতিতে ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

## পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

করেছে। বিশ্ব অর্থনীতিতে আজ এটা স্বীকৃত যে ক্ষুদ্র ও মাঝারী শিল্পে অর্থায়নের মাধ্যমে দেশের বেশির ভাগ সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন সম্ভব। এই বাস্তবতায় বাণিজ্যিক ব্যাংকগুলো ক্ষুদ্র ও মাঝারী শিল্পে বিনিয়োগে এগিয়ে এসেছে। ক্ষুদ্র ও মাঝারী শিল্পকে এক নতুন ক্ষেত্র হিসেবে মূল্যায়নের ফলে এই শিল্পের গুরুত্ব অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

বাজার ধারার সাথে তাল মিলিয়ে ব্যাংক এশিয়া ক্ষুদ্র ও মাঝারী শিল্পের অর্থায়নের প্রতি গুরুত্বারোপ করেছে। ২০০৯ সালের শুরুতে ক্ষুদ্র ও মাঝারী শিল্পে ব্যাংকের মোট অর্থায়নের পরিমাণ ছিল ১৯.০৫ কোটি টাকা যা বছর শেষে বেড়ে দাঁড়িয়েছে ৯৯.৭৩ কোটি টাকা। একইসাথে ব্যাংক নয়টি এসএমই সেন্টার স্থাপন করেছে। ২০০৯ সালের শেষ নাগাদ ব্যাংকের এসএমই গ্রাহক সংখ্যা দাঁড়িয়েছে ১,০৬০ এবং বছর শেষে ঋণের স্থিতি দাঁড়ায় ৭৪.৫৫ কোটি টাকা। ২০১০ সালে ব্যাংকের এই বিভাগ উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জনে আকর্ষণীয় শর্তে বিভিন্ন ধরনের এসএমই পণ্য বাজারজাত করছে। ব্যাংক ২০১০ সালে আরও এসএমই সেন্টার খোলার মাধ্যমে এই বিভাগকে আরও গতিশীল করার পরিকল্পনা করেছে।

### ভোক্তাখাতে অর্থায়ন

ভোক্তা খাতের বিস্তৃত ও নানামুখী চাহিদার সাথে খাপ খাওয়ানোর লক্ষ্যে ব্যাংকের কনজুমার ক্রেডিট বিভাগ ব্যাংকের পরীক্ষিত ও বিশ্বস্ত গ্রাহকদের বিভিন্ন ধরনের স্কিমের আওতায় ব্যাংকিং সেবা প্রদান করছে। ব্যাংক এধরনের অর্থায়ন খাতে কনজুমার ডিউরেবল লোন, পার্সোনাল লোন, গৃহ ঋণ, কার লোন ইত্যাদি নামে ব্যাংকিং সেবা প্রদান করছে। ২০০৯ সালের শেষে এই খাতে মোট গ্রাহক সংখ্যা ছিল ৬,০৮৯ জন। ব্যাংক কনজুমার ক্রেডিট খাতে ২০০৯ সালে সর্বমোট ১২২.২১ কোটি টাকা বিতরণ করেছে এবং বছর শেষে এই খাতে ঋণের স্থিতি ছিল ২১৯.০৬ কোটি টাকা।

### ক্রেডিট কার্ড বিভাগ

মাষ্টার কার্ড ইস্যু করার মাধ্যমে ব্যাংক এশিয়ার ক্রেডিট কার্ড বিভাগ ২০০৬ সালের অক্টোবর মাসে যাত্রা শুরু করে। তিন বছর মাষ্টার কার্ডের মাধ্যমে ব্যবসা করার পর ২০০৯ সালের শুরুর দিকে ব্যাংক এশিয়া আন্তর্জাতিক ভিসা (VISA) ক্রেডিট কার্ড চালু করে। বর্তমানে ব্যাংক এশিয়ার ক্রেডিট কার্ডের মধ্যে রয়েছে স্থানীয় মাষ্টার কার্ড ও ভিসা কার্ড এবং দ্বৈত মুদ্রা ভিসা ক্রেডিট কার্ড। বর্তমানে এর গ্রাহক সংখ্যা প্রায় ১৫,০০০ এবং মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ প্রায় ১০০ কোটি টাকা যার মধ্যে বছর শেষে ঋণের স্থিতি ছিল ৩০.৯২ কোটি টাকা। যাত্রার শুরু থেকেই ন্যূনতম শ্রেণীকৃত ঋণ বজায় রেখে এই বিভাগটি উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে।

২০০৯ সালে চট্টগ্রামের স্থানীয় লোকদের আরো নিবিড় সেবা প্রদানের জন্য ব্যাংক সেখানে একটি পৃথক কার্ড সেন্টার স্থাপন করেছে। একই সাথে আমরা বেশ কিছু বহুজাতিক ও স্থানীয় প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের ব্যাংকের গ্রাহক হিসাবে আকৃষ্ট করতে সক্ষম হয়েছি। ২০১০ সালে ব্যাংক এশিয়া এটিএম (ATM) ও পিওএস (POS) এর সংখ্যাবৃদ্ধি এবং ভিসা (VISA) ডেবিট কার্ড চালু করার পরিকল্পনা নিয়েছে।



ক্রেডিট কার্ড সেবা চুক্তি




কৃষি ঋণ বিতরণ

### কৃষি ঋণ ও দারিদ্র বিমোচন

বাংলাদেশের অর্থনীতির বিকাশে কৃষি-অর্থনীতি উন্নয়নের বিকল্প নেই। এই সত্য মাথায় রেখে ব্যাংক এশিয়া কৃষিখাতে অর্থায়ন করে আসছে। গ্রামের দারিদ্র কৃষকদের সহায়তার জন্য ব্যাংক তার গ্রামীণ শাখাসমূহের মাধ্যমে কৃষি ঋণ প্রদান করছে। পাশাপাশি পল্লীর দারিদ্র বিমোচন ও কৃষি উন্নয়নে যে সব এনজিও কাজ করছে তাদেরকেও ব্যাংক ঋণ সুবিধা প্রদান করছে। ২০০৯ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে কৃষিখাতে ব্যাংকের ঋণের পরিমাণ ছিল ২.৫০ কোটি টাকা।

**বিভিন্ন খাত-ভিত্তিক ঋণ প্রদান :**

বিগত বছরে ব্যাংক এশিয়ার ঋণ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। ২০০৯ সালের শেষে ব্যাংক এশিয়ার ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৫০,২৬৭.৯২ মিলিয়ন টাকা যা ২০০৮ সালে ছিল ৩৯,৯৭৫.০০ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণের স্থিতি ছিল নিম্নরূপ :



ক্রমিক নং	খাত ও উপখাত সমূহ	২০০৯		২০০৮	
		কোটি টাকা	%	কোটি টাকা	%
১	<b>শিল্প</b>				
	পাট ও কৃষি	১১.৭৫	০.২৩%	৫৫.৪৪	১.৩৯%
	তৈরী পোষাক শিল্প	২৫৪.১০	৫.০৫%	২৬৯.৫১	৬.৭৪%
	টেক্সটাইল	৩১৩.১০	৬.২৩%	২৩১.০৯	৫.৭৮%
	খাদ্য ও এর আনুষঙ্গিক	২১২.৪৭	৪.২৩%	২৩১.৭১	৫.৮০%
	কেমিক্যাল	৩৩.৬২	০.৬৭%	৪০.২৫	১.০১%
	সিমেন্ট	৫৩.৪৯	১.০৬%	৬০.০৮	১.৫০%
	ইলেকট্রনিক্স	১৫.৬৮	০.৩১%	১৮.১৬	০.৪৫%
	ইস্পাত ও প্রকৌশল	৩৪৯.৬৭	৬.৯৬%	২৫০.৪৭	৬.২৭%
	কাগজ	৮৪.০৬	১.৬৭%	৭০.৬৯	১.৭৭%
	আবাসন	২০৩.৩৫	৪.০৫%	১৪১.৯১	৩.৫৫%
	অন্যান্য	৩০২.৭১	৬.০২%	২২১.৬৮	৫.৫৫%
	<b>মোট</b>	<b>১,৮৩৪.০১</b>	<b>৩৬.৪৮%</b>	<b>১,৫৯০.৯৯</b>	<b>৩৯.৮০%</b>
২	<b>অবকাঠামো খাতে বিনিয়োগ</b>				
	বিদ্যুৎ শক্তি	৫২.৫৪	১.০৫%	৩৯.৪৩	০.৯৯%
	টেলিযোগাযোগ	৩১.৭০	০.৬৩%	৬৬.৮৪	১.৬৭%
	নির্মাণ শিল্প	৯১.৭২	১.৮২%	১০৬.৪৯	২.৬৬%
	পরিবহন	১৫৩.৮৬	৩.০৬%	১১৫.৬২	২.৮৯%
	<b>মোট</b>	<b>৩২৯.৮২</b>	<b>৬.৫৬%</b>	<b>৩২৮.৩৮</b>	<b>৮.২১%</b>
৩	<b>বাণিজ্য অর্থায়ন</b>	<b>২,৩৮৫.০৭</b>	<b>৪৭.৪৫%</b>	<b>১,৪১৪.৪০</b>	<b>৩৫.৩৮%</b>
৪	<b>রপ্তানি অর্থায়ন</b>	<b>৫২.৫১</b>	<b>১.০৪%</b>	<b>৩৪৮.৭৬</b>	<b>৮.৭২%</b>
৫	<b>গৃহ নির্মাণ</b>	<b>২১.০৬</b>	<b>০.৪২%</b>	<b>৮.৪৫</b>	<b>০.২১%</b>
৬	<b>কনজুমার ক্রেডিট</b>	<b>২১৯.০৬</b>	<b>৪.৩৬%</b>	<b>১৬৪.৯৭</b>	<b>৪.১৩%</b>
৭	<b>এসএমই</b>	<b>৭৪.৫৫</b>	<b>১.৪৮%</b>	<b>১৫.২৪</b>	<b>০.৩৮%</b>
৮	<b>কর্মচারী ঋণ</b>	<b>৩১.৯৯</b>	<b>০.৬৪%</b>	<b>২৪.৬৮</b>	<b>০.৬২%</b>
৯	<b>ক্রেডিট কার্ড</b>	<b>৩০.৯৩</b>	<b>০.৬২%</b>	<b>১৭.৩১</b>	<b>০.৪৩%</b>
১০	<b>নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান সমূহ</b>	<b>৪৭.৭৮</b>	<b>০.৯৫%</b>	<b>৮৪.৩২</b>	<b>২.১১%</b>
	<b>সর্ব মোট</b>	<b>৫,০২৬.৭৯</b>	<b>১০০.০০%</b>	<b>৩,৯৯৭.৫০</b>	<b>১০০.০০%</b>



৩য় ইসলামিক উইন্ডো

### ইসলামী ব্যাংকিং

গতানুগতিক ব্যাংকিং এর পাশাপাশি ব্যাংক এশিয়া ২০০৮ সালে তার গ্রাহকদের পূর্ণ সন্তুষ্টি এবং বেছে নেয়ার স্বাধীনতা প্রদানের জন্য ইসলামী ব্যাংকিং চালু করে। ইতোমধ্যে ব্যাংকের এই বিভাগটি তার প্রাথমিক গ্রাহক ভিত্তি তৈরি করে নিতে সক্ষম হয়েছে। বর্তমানে ব্যাংকের তিনটি ইসলামী শাখায় ব্যাংকিং কার্যক্রম একটি আলাদা সফটওয়্যার এবং বিভাগীয় পর্যবেক্ষণে পরিচালিত হচ্ছে। আগামী দিনগুলোতে ব্যাংক এশিয়া দেশের সর্বস্তরে এই সেবা পৌঁছে দেয়ার জন্য ইসলামী ব্যাংকিং কার্যক্রমসহ নতুন শাখা খোলার পরিকল্পনা করছে। ব্যাংকের সমস্ত ইসলামী ব্যাংকিং কার্যক্রম, ইসলামী ব্যাংকিং বিভাগ এবং একটি শরীয়াহ্ কাউন্সিলের তত্ত্বাবধানে পরিচালিত হয়। ব্যাংক এশিয়ার শরীয়াহ্ কাউন্সিল ১১ জন সদস্য নিয়ে গঠিত। যার মধ্যে রয়েছে দেশের কয়েকজন খ্যাতিমান ইসলামী চিন্তাবিদ ও ইসলামী ব্যাংকিং-এ বিশেষজ্ঞ। যারা বিভিন্ন ব্যাংকিং ইস্যুতে শরীয়াহ্ মোতাবেক নির্দেশনা দিয়ে থাকেন।

ইসলামী ব্যাংকিং-এ আমানতের ক্ষেত্রে ব্যাংক আল-ওয়াদিয়াহ্ এবং মুদারাবা নীতি অনুসরণ করে থাকে। বর্তমানে আল-ওয়াদিয়াহ্ হিসাবে কোনো মুনাফা প্রদান করা হচ্ছে না কিন্তু মুদারাবা হিসাবে জমাকৃত টাকার জন্য ব্যাংক এশিয়ার একটি সুনির্দিষ্ট মুনাফা বণ্টন অনুপাত রয়েছে। বিনিয়োগের জন্য ব্যাংকের দুইটি পদ্ধতি রয়েছে যার একটি স্থায়ী আয়ের ভিত্তিতে বিনিয়োগ এবং অন্যটি পরিবর্তিত আয়ের ভিত্তিতে বিনিয়োগ।

ব্যাংক এশিয়ার ইসলামী ব্যাংকিং-এ আমানত পণ্যগুলোর মধ্যে রয়েছে - মুদারাবা বিশেষ নোটিশ জমা হিসাব, মুদারাবা সঞ্চয় হিসাব, মুদারাবা মেয়াদী আমানত হিসাব, মুদারাবা হজ্জ সঞ্চয় স্কীম, মুদারাবা পেনশন জমা স্কীম ও মুদারাবা মাসিক মুনাফা স্কীম। গ্রাহকদের চাহিদার উপর নির্ভর করেই এই বিস্তৃত আমানত সুবিধাগুলো তৈরী করা হয়েছে।

### ক্যাপিটাল মার্কেট ডিভিশন :

২০০৯ সাল বাংলাদেশের পুঁজি বাজারের ইতিহাসে একটি মাইলফলক বছর। এই বছরে বিনিয়োগকারীদের সংখ্যা ৫ লক্ষ বেড়ে প্রায় ২০ লক্ষে উন্নিত হয়েছে এবং ব্রোকারেজ হাউজের শাখার সংখ্যা ২৭২ থেকে ৩৮৭ তে উন্নিত হয়েছে। সেবার পরিধি বিস্তৃতিকরণ এবং পুঁজি বাজারে বিনিয়োগের ব্যবসায়িক সুযোগ গ্রহণের লক্ষ্যে ব্যাংক এশিয়া ২০০৮ সালে একটি প্রতিযোগিতামূলক টেণ্ডারের মাধ্যমে ঢাকা স্টক এক্সচেঞ্জের সদস্যপদ লাভ করে। অবকাঠামোগত সুযোগ-সুবিধা স্থাপন এবং নিয়ন্ত্রক সংস্থার কাছ থেকে যথাযথ অনুমতি নিয়ে ব্যাংক এশিয়া ২০০৯ সালের আগষ্ট মাসে একটি ব্যবসায়িক পরিবেশে ব্রোকারেজ ব্যবসা শুরু করে। বিনিয়োগকারীদের আর্থিক সহযোগিতার উদ্দেশ্যে এই বিভাগটি গ্রাহকদের মার্জিন লোন সুবিধা প্রদান করে থাকে। গত ২০০৯ সালের প্রাথমিক সাফল্যে অনুপ্রাণিত হয়ে ব্যাংক ম্যানেজমেন্ট এই বিভাগটির আরও শাখা খোলার সিদ্ধান্ত নিয়েছেন এবং ইতোমধ্যে আমাদের ধানমন্ডি ও মিরপুর শাখায় এর কার্যক্রম শুরু হয়েছে।



একটি সমন্বিত রেমিটেন্স কার্যক্রম



ট্রাস্ট ব্যাংকের সাথে রেমিটেন্স চুক্তি

### প্রবাসী আয়

বৈশ্বিক মন্দার প্রভাবে ২০০৯ সালে বাংলাদেশের মোট ৭২,২১০ শ্রমিক দেশে ফিরে আসে, এ সংখ্যা ২০০৮ সালের চেয়ে প্রায় ২০,০০০ বেশি। বিদেশে শ্রমিক যাওয়ার হার কমে যাওয়া এবং বিদেশ থেকে দেশে শ্রমিক ফেরতের হার বেড়ে যাওয়ায় বাংলাদেশে প্রবাসী আয়ের ধারা কমে যাওয়ার আশঙ্কা করা হচ্ছিল কিন্তু সৌভাগ্যবশতঃ বাংলাদেশের প্রবাসী আয় ২০০৯ সালে কমেই বরং ২০০৮ এর তুলনায় ব্যাংক কর্তৃক এই আয় সম্ভাষণজনক বেড়েছে। প্রবাসী আয়, যা বর্তমান অর্থনীতির একটি প্রধান খাত হিসেবে স্বীকৃত, দেশের বৈদেশিক মুদ্রা সঞ্চিতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। কার্যপরিধি বাড়ার সাথে সাথে ব্যাংক এশিয়া প্রবাসী আয় সংগ্রহে সেবা প্রদান করে যাচ্ছে এবং এই সংগৃহীত প্রবাসী আয়ের পরিমাণ প্রতিবছরই বাড়ছে।

একটি পৃথক প্রবাসী আয় বিভাগ গঠনে প্রবাসী আয় ২০০৯ সালে ১,৫৫৫.৫ কোটি টাকা হয়েছিল যা ২০০৮ সালে ১,১৬৪.৮ কোটি টাকা ছিল। এবছরে দেশের বাইরে টাকা পাঠানোর পরিমাণ ছিল ৫২.০ কোটি টাকা। ব্যবসাকে আরও শক্তিশালী করা জন্য ব্যাংক এশিয়ার পৃথিবীব্যাপী বিস্তৃত নেটওয়ার্ক সম্পন্ন প্রতিষ্ঠানের সাথে দীর্ঘমেয়াদী চুক্তি করেছে। বর্তমানে ব্যাংকের এ ধরনের বিশ্বব্যাপী রেমিট্যান্স অংশীদারের সংখ্যা ২১। রেমিট্যান্স সেবার পরিধি আরো বৃদ্ধি করতে ব্যাংক বিদেশের মাটিতে নিজস্ব এক্সচেঞ্জ হাউস প্রতিষ্ঠার উদ্যোগ হাতে নিয়েছে এবং অর্থ আদান-প্রদান সংস্থার সাথে জড়িত হচ্ছে।

এদিকে দেশের অভ্যন্তরে গ্রাহকের নিকট টাকা দ্রুত পৌঁছে দেয়ার জন্য আমরা দেশের বড় ব্যাংকসমূহ ও এনজিওদের সাথে বিনিয়ম সম্পর্ক স্থাপন করেছি। এধরনের এনজিওদের মধ্যে ব্যুরো বাংলাদেশ, জাগরণী চক্র ফাউন্ডেশন, রুরাল রি-কনস্ট্রাকশন ফাউন্ডেশন, দিশা, সৃজনী বাংলাদেশ রয়েছে। উপরোক্ত এনজিওগুলোর মাধ্যমে অনলাইন রেমিট্যান্স সেবা প্রদানের জন্য ব্যাংক ওয়েস্টার্ন ইউনিয়ন, এক্সপ্রেস মানি এবং ইনস্ট্যান্ট ক্যাশ এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে। বর্তমানে আমাদের গ্রাহকবৃন্দ দেশব্যাপী ১,২০০'রও বেশি জায়গা থেকে টাকা উত্তোলনের সুবিধা ভোগ করছে। ২০০৯ সালে আমাদের একটি বড় অর্জন হল বাংলাদেশ পোস্ট অফিসের সাথে সহযোগিতা চুক্তিতে আবদ্ধ হওয়া যার কার্যকরিতায় আমাদের গ্রাহকবৃন্দ টাকা উত্তোলনের আরও সুবিধা উপভোগ করবে।

### সম্পদ ও দায় ব্যবস্থাপনা

ব্যাংকের সম্পদ ও দায় ব্যবস্থাপনা বলতে ব্যাংকের দীর্ঘমেয়াদী লক্ষ্য পূরণ ও ঝুঁকি ব্যবস্থাপনার উদ্দেশ্যে উদ্বৃত্তপত্রের দায় ও সম্পদ সমূহের সক্রিয় ব্যবস্থাপনাকে বুঝায়। ব্যাংকের সাধারণ কার্যাবলী থেকেই তারল্য ঝুঁকি, সুদ হার তারতম্যজনিত ঝুঁকি ও ঋণ ঝুঁকির উদ্ভব হয়। আমানত ও ঋণের মেয়াদ ও সুদের ব্যবধানজনিত কারণে তারল্য ঝুঁকি ও সুদ হার তারতম্যজনিত ঝুঁকি এবং সঠিক সময়ে ঋণের টাকা ফেরত পাওয়ার অনিশ্চয়তা থেকে ঋণ ঝুঁকির আবির্ভাব হয়। তারল্য ঝুঁকি প্রশমনে ব্যাংক এমন কিছু আমানত পণ্য তৈরি করেছে যেগুলো দীর্ঘ মেয়াদী ঋণের মেয়াদের সাথে সামঞ্জস্যপূর্ণ। অন্যদিকে ঋণ ঝুঁকি মোকাবেলায় ব্যাংক একটি ঝুঁকি ব্যবস্থাপনা নীতি অনুসরণ করছে।

২০০৯ সালে ব্যাংকের তারল্য পার্থক্য ১মাস মেয়াদের জন্য ছিল ঋণাত্মক ১২৫.০০ কোটি টাকা যার প্রধান কারণ সঞ্চয়ী ও চলতি হিসাবে বড় ধরনের আমানত। তবে ব্যাংকের জন্য সঞ্চয়ী ও চলতি হিসাবের একটি প্রধান অংশ স্থায়ী প্রকৃতির আমানত। অন্যদিকে ১-৩ মেয়াদের জন্য ব্যাংকের তারল্য পার্থক্য ছিল ধনাত্মক ২৩.৪ কোটি যা স্বল্প মেয়াদে ব্যাংকের ভাল তারল্য অবস্থা নির্দেশ করে।

### আর্থিক অবস্থা

দেশে ও বিদেশে প্রতিযোগিতা থাকা স্বত্ত্বেও ব্যাংক এশিয়া তার ব্যবসায়িক ধারায় প্রতি বছরই অগ্রগতি বজায় রাখতে সক্ষম হয়েছে। ব্যাংকের এই স্থিতিশীল ফলাফল তার শেয়ার হোল্ডারদের প্রতি দৃঢ় প্রতিশ্রুতি, কর্মীদের উদ্ভাবনী যোগ্যতা ও গুণগত কাজের স্বাক্ষর বহন করে। ২০০৯ সালে ব্যাংক এশিয়ার মুনাফা ছিল ২৬১.৭০ কোটি টাকা যা ২০০৮ সালে ছিল ১৯০.৪৯ কোটি টাকা। প্রয়োজনীয়

ঋণের সংস্থান ও ব্যয়ের সংস্থান রাখার পর বছর শেষে ব্যাংকের নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ১৩২.৭২ কোটি টাকা। সরকারের রাজস্ব কোষাগারে আয় কর হিসাবে প্রদানের জন্যে ৯৫.৯০ কোটি টাকা সংস্থান রাখা হয়েছে।

আমাদের পরিচালনা মুনাফার এই ক্রমবর্ধমান ধারা বর্ধিত সম্পদ, বৈদেশিক বাণিজ্য এবং দক্ষ তহবিল ব্যবস্থাপনার ফলে সম্ভবপর হয়েছে। ২০০৯ সালের শেষের প্রতি আয় দাঁড়ায় ৬১.৮৮ টাকা যা ২০০৮ সালে শেষের প্রতি আয় এর তুলনায় বেশি।

#### অর্থ বাজারের কার্যক্রম

আন্তঃব্যাংক মুদ্রা বাজারের প্রধান উদ্দেশ্য হচ্ছে ব্যাংকের তারল্য অবস্থার ভারসাম্য রক্ষা এবং তারল সম্পদের দক্ষ ব্যবহার। যখন গ্রাহকগণ ব্যাংকে টাকা জমা রাখেন, ব্যাংক জমাকৃত টাকা ব্যবহার করে কিছু আয় করার ব্যবস্থা করে যাতে তার আমানতকারীদের কিছু মুনাফা দিতে পারে এবং একই সাথে ব্যাংকের জন্য কিছু আয় অবশিষ্ট থাকে। এর জন্যে ব্যাংক তার জমাকৃত অর্থ অন্য গ্রাহকদের অথবা অন্যান্য ব্যাংক-কে ধার দিয়ে থাকে। তাই প্রত্যেকটি মুদ্রার সদ্যবহার নিশ্চিত করা ব্যাংক ও মুদ্রা বাজারের জন্য খুবই প্রয়োজনীয়।

ব্যাংকের ট্রেজারি বিভাগ দেশী ও বৈদেশিক মুদ্রায় সম্পদ ও দায় ব্যবস্থাপনা করে থাকে। ২০০৯ সালে মুদ্রা বাজারে তারল্য আধিক্য লক্ষ্য করা গেছে। বছরের শুরুতে কলমানি রেট ছিল গড়ে ১০ শতাংশ কিন্তু বছরের মাঝামাঝিতে যা প্রায় ০.১০ শতাংশে নেমে আসে এবং বছরের শেষে একটি স্থিতিশীল পর্যায় যা ৪ থেকে ৫ শতাংশে এসে দাঁড়ায়। ব্যাংকের অতিরিক্ত তহবিল মুদ্রাবাজারে কলরেটে বিনিয়োগ অথবা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে এবং ট্রেজারি বিল ও বন্ডে বিনিয়োগ করা হয়। ব্যাংকের ট্রেজারি বিভাগ ব্যাংকের প্রয়োজনীয় নগদ সঞ্চিতি (সিআরআর) ও বিধিবদ্ধ তারল্যের অনুপাত (এসএলআর) সংরক্ষণ করে।

#### বৈদেশিক বিনিময় বাজার

বৈদেশিক বিনিময় বাজার হচ্ছে মুদ্রার কেনা বেচার জন্য একটি Over The Counter বাজার যা বিভিন্ন বৈদেশিক মুদ্রায় ক্রেতা ও বিক্রেতার মধ্যে বিনিময় মাধ্যম হিসেবে কাজ করে। ব্যাংকের ট্রেজারি বিভাগ গ্রাহকদের নিকট বৈদেশিক মুদ্রা বিক্রয় করে তাদের আমদানির মূল্য পরিশোধের জন্য এবং রপ্তানিকারক ও প্রবাসী আয় উপার্জনকারীদের কাছ থেকে বৈদেশিক ক্রয় করে থাকে। ব্যাংক ট্রেজারি বিভাগের মাধ্যমে তার আমদানি, রপ্তানি বাণিজ্য বৈদেশিক মুদ্রার যোগান দিয়ে থাকে এবং আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে মুদ্রার হার পরিবর্তনজনিত ঝুঁকি প্রশমনে নিজের অবস্থান সমন্বয় করে থাকে। ২০০৯ সালে ব্যাংকের আমদানি ও রপ্তানি বাণিজ্য বৃদ্ধি পেয়েছে এবং ট্রেজারি বিভাগ ব্যাংকের জন্য বিনিময় আয় অর্জনের পাশাপাশি সমস্ত বৈদেশিক বাণিজ্যে সহায়তা করেছে।

#### আন্তর্জাতিক বাণিজ্য

ব্যাংক এশিয়া ২০০৯ সালে আন্তর্জাতিক বাণিজ্যে সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জন করে। আমদানি বাণিজ্য ২০০৯ সালে বেড়ে ৬,৭৩৭.৮৩ কোটি টাকা হয়েছে যা ২০০৮ সালে ছিল ৫,০৯৮.৫০ কোটি টাকা। রপ্তানি বাণিজ্যে ২০০৯ সালে হয়েছে ৩,০৯৫.৩৪ কোটি টাকা যা ২০০৮ সালে ছিল ২,৫১৫.৫৩ কোটি টাকা। আমদানি বাণিজ্যে প্রবৃদ্ধির পরিমাণ ছিল ৩৩ শতাংশ এবং রপ্তানি বাণিজ্যে ২৩ শতাংশ। ২০০৯ সালে ব্যাংক কর্তৃক পরিচালিত অর্ন্তমুখী ও বর্হিমুখী রেমিট্যান্স দাঁড়িয়েছে যথাক্রমে ১,৫৫৫.১৫ কোটি টাকা ও ৫২.০৩ কোটি টাকায় যা ২০০৮ সালে ছিল ১,১৬৪.৮৩ কোটি টাকা ও ৫০.৪৪ কোটি টাকা। এ পর্যন্ত ব্যাংক এশিয়া বিশ্বের ১২৫ টি দেশের ৬২৫ টি ব্যাংকের সাথে যোগাযোগ স্থাপন করেছে। বিশ্বের শীর্ষস্থানীয় ব্যাংকগুলোর সাথে মোট কনফার্মেশন লাইনের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১৬ কোটি মার্কিন ডলার। ব্যাংক এশিয়া বৈদেশিক বাণিজ্য পরিচালনার জন্য সুইফট কমিউনিকেশন সিস্টেম ও রয়টার ব্যবহার করেছে।

#### আইন ও ঋণ আদায় বিভাগ

ব্যাংকের বিভিন্ন আইনগত বিষয়সমূহ যাচাই এবং অভ্যন্তরীণ আইনি পরামর্শের জন্য আমাদের আইন ও ঋণ আদায় বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ব্যাংকের শ্রেণীকৃত ঋণের সর্বোচ্চ পরিমাণ আদায় করার জন্য এই বিভাগ সরাসরি সকল শ্রেণীকৃত হিসাব নিয়ন্ত্রণ করছে। ২০০৯ সালে এই বিভাগ ব্যাংকের অন্যান্য শাখার সাহায্যে ৪৮.৬০ কোটি টাকার শ্রেণীকৃত ঋণ আদায় করেছে। এছাড়াও মোট ৪১.৩১ কোটি টাকা পুনঃতফসিল এবং ৫২.১০ কোটি টাকা অবলোপন করা হয়।

অভ্যন্তরীণ আইনি পরামর্শ, দলিলপত্র নিরীক্ষণ প্রভৃতির জন্য সম্প্রতি ব্যাংক কিছু আইন বিষয়ক কর্মকর্তা নিয়োগ দিয়েছে যা এই বিভাগকে আরও শক্তিশালী করবে। দ্রুত সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আইন কর্মকর্তা গ্রাহকদের তথ্য দলিলাদি যাচাই এবং মামলা মোকদ্দমায় সাহায্যের জন্য ব্যাংকের পক্ষে আইনজীবীদের সাথে যোগাযোগ রাখবে। ২০০৯ সালে ১৪টি মামলা রায়ে ব্যাংক মোট

১৭.৪৯৩ কোটি টাকা আদায় করেছে এবং সোলেনামা চুক্তিপত্রের মাধ্যমে ৮টি মামলা সমঝোতার ভিত্তিতে নিষ্পত্তি করেছে। অনুরূপভাবে ৮.৬৯ কোটি টাকার ৩টি রিট মামলা ব্যাংকের পক্ষে। সাম্প্রতিক কালে ঋণ আদায় প্রক্রিয়াকে ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যাংক দুইটি ঋণ আদায়কারী সংস্থাকে নিয়োগ দিয়েছে।

#### অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিয়ম পরিপালন

বর্তমান ব্যবসায় পরিচালনার পাশাপাশি ব্যাংক এশিয়া তার প্রসার এবং প্রবৃদ্ধির অর্জনের জন্য নতুন নতুন ব্যবসায় গুরুত্বারোপ করে। ব্যাংকের ব্যবসাকে বিস্তৃত ও বহুমুখী করার উদ্দেশ্যেই ব্যাংক নতুন নতুন ক্ষেত্রে বিনিয়োগ করেছে। ব্যবসায় এই বিস্তৃতি ও প্রবৃদ্ধি বিভিন্ন ধরনের ঝুঁকি যেমন- ঋণ ঝুঁকি, বাজার ঝুঁকি, তারল্য ঝুঁকি, পরিচালনা ঝুঁকি ইত্যাদির উদ্ভব হয়। একটি আর্থিক প্রতিষ্ঠানের ভবিষ্যতে কত ভালো হবে তা নির্ভর করে একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির মাধ্যমে এই ঝুঁকিগুলো দক্ষভাবে নিয়ন্ত্রণ করা।

সঠিক নিয়ন্ত্রণ যে কোন কাজের প্রতারণা এবং সম্পদ ও ক্ষমতার অপব্যবহার কমিয়ে কাজের দক্ষতা, নিয়মতান্ত্রিকতা এবং তথ্যের সঠিক প্রবাহ নিশ্চিত করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দ্বারা শুধু সঠিক কার্য সম্পাদন করা বোঝায় না বরং এতে স্ব বিশ্লেষণী পদ্ধতির উপস্থিতির দ্বারা যে কোন কার্যের ভুল ত্রুটি সনাক্তকরণ ও শুদ্ধিকরণ বোঝায় যা কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে। বাংলাদেশ ব্যাংকের প্রবর্তিত ও জারিকৃত নীতিমালা অনুযায়ী সকল ধরনের ঝুঁকি মোকাবেলার উদ্দেশ্যে নীতিমালাগুলো বাস্তবায়নে ব্যাংক এশিয়া ইতিমধ্যেই সকল ব্যবস্থা গ্রহণ করেছে।

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের উদ্দেশ্যকে সামনে রেখে আমাদের একজন এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্টের নেতৃত্বে একটি স্বতন্ত্র অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ রয়েছে। এ বিভাগের বিভাগীয় প্রধান পরিপালন ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কার্যাবলী তথা আইন ও নীতিমালা পরিপালন, নিরীক্ষণ ও পরিদর্শন এবং তদারকিকরণ ও ঝুঁকি নির্ধারণের দায়িত্বে রয়েছেন। বিভাগটিকে তিনটি শাখায় ভাগ করা হয়েছে যেগুলো হল পরিপালন শাখা, তদারকিকরণ শাখা এবং নিরীক্ষা ও পরিদর্শন শাখা।

ব্যাংকের ঝুঁকি কমানোর জন্য এই বিভাগ নিয়মিতভাবে বিভিন্ন শাখা ও বিভাগে নিরীক্ষা ও পরিদর্শন করে যাচ্ছে। পরিদর্শনকালীন সময়ে যে সব অসঙ্গতি বা অপূর্ণাঙ্গতা পরিলক্ষিত হয় তা সংশোধনের জন্য সংশ্লিষ্ট শাখা বা বিভাগকে নির্দেশ দেয়া হয় এবং কর্পোরেট অফিসে তা অবগতির জন্য জানানো হয়। এ কার্যক্রমকে আরও সুসংগঠিত করার জন্য ব্যাংকের রয়েছে একটি “অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিধিমালা” এবং আমাদের প্রতিটি শাখা ও বিভাগে ঝুঁকির মান অনুযায়ী কার্যাবলী নিয়ন্ত্রণে রয়েছে চেকলিস্ট এর ব্যবস্থা। এছাড়াও ব্যাংক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছে।

- ১। ব্যাংকের মাসিক ও ত্রৈমাসিক কার্য পর্যালোচনা করা।
- ২। লেনদেনের ও ব্যয়েরসীমা নির্দিষ্টকরণ।
- ৩। নিয়মিত বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন প্রতিবেদন ও তার পরিপালন পর্যালোচনা করা।
- ৪। সকল আইন ও বিধিনিষেধ মেনে চলার জন্য সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা।

#### শাখা সম্প্রসারণ

সমগ্র দেশকে আমাদের ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে আমরা ব্যাংকের একটি শক্তিশালী শাখা নেটওয়ার্ক সৃষ্টিতে কাজ করে যাচ্ছি। বর্তমানে আমাদের সর্বমোট ৪৪টি শাখা রয়েছে যার মধ্যে ১৪টি গ্রামীণ শাখা। তাছাড়াও আমাদের ৯টি এসএমই



শান্তিনগর শাখা



সাতার শাখা



দনিয়া শাখা



ভাটীয়ারী শাখা

কেন্দ্র রয়েছে যা এসএমই সংক্রান্ত ব্যাংকিং সেবা প্রদান করে। অর্থ জমাদান ও তথ্য সুবিধা প্রদানের লক্ষ্যে বিডিআর সদর দপ্তরে আমাদের একটি বুথ রয়েছে। বর্তমানে ইসলামী ব্যাংকিং উইডোেসহ সকল শাখা ও এসএমই কেন্দ্রগুলো অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদান করছে। আমাদের এই নেটওয়ার্কে আরও শাখা এবং ইসলামী উইডোে যোগ করার সুযোগ রয়েছে। আমরা আশা করছি যে ২০১০ সালের শেষ নাগাদ ব্যাংকের মোট শাখার সংখ্যা হবে ৫০টি এবং এসএমই কেন্দ্র হবে ১০টির বেশি। বিস্তৃত এই নেটওয়ার্ক আমাদের কার্য পরিধিকে আরও সুদৃঢ় করে গ্রাহকদের আরো বেশি পরিমাণ ব্যাংকিং সেবা প্রদানের সুযোগ তৈরি করবে।

#### এটিএম

ব্যাংকের গ্রাহকবৃন্দ বর্তমানে ৬৩টি এটিএম বুথের মাধ্যমে সেবা গ্রহণের সুযোগ পাচ্ছেন। যার মধ্যে ৩০টি এটিএম হচ্ছে ব্যাংকের নিজস্ব এবং বাকী ৩৩টি অংশীদারিভিত্তিক। আমাদের এটিএম নেটওয়ার্ক **stelar** সফটওয়্যারের মাধ্যমে গ্রাহকদের অন্য কোনো ভিন্ন ব্যাংক হিসাব ছাড়াই তার ব্যাংক হিসাব পরিচালনা করার সুযোগ দিচ্ছে। বর্তমানে ব্যাংক ঢাকা, চট্টগ্রাম এবং দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এটিএম নেটওয়ার্ক বিস্তারের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

#### ইন্টারনেট ব্যাংকিং

ব্যবসায়িক সম্প্রদায় এবং শহর এলাকার গ্রাহকদের যথেষ্ট চাহিদা থাকা স্বত্ত্বেও নেটওয়ার্ক সংযোগের অপ্রতুলতা, বিশ্বস্ত ও নির্ভরযোগ্য তথ্যের অপর্യാপ্ততা, ব্যাংকিং খাতে তথ্য প্রযুক্তির অপর্യാপ্ততা এবং অপর্യാপ্ত আইনি সহায়তা ইত্যাদির কারণে আমাদের দেশে ইলেকট্রনিক ব্যাংকিং সেবা এখনো সন্তোষজনক নয়।

এই সকল প্রতিকূলতার কথা বিবেচনা করেই ব্যাংক এশিয়া তার গ্রাহকদের দেশের নিয়মকানুন মেনে ইন্টারনেট ব্যাংকিং সেবা দিয়ে থাকে। ব্যাংক এশিয়ার গ্রাহকগণ ইন্টারনেটের মাধ্যমে তাদের নিজস্ব নিরাপত্তা মূলক আইডি ও পাসওয়ার্ড দিয়ে যে কোন স্থান হতে তাদের হিসাব পরিচালনা করতে পারে। ইন্টারনেটের মাধ্যমে গ্রাহকরা তাদের প্রোফাইল পরিবর্তন, ব্যালেন্স অনুসন্ধান, লেনদেনের বিবরণী, তহবিল স্থানান্তর, ইউটিলিটি বিল প্রদান, চেক বই চেয়ে অনুরোধ, ইস্যুকৃত চেকে টাকা প্রদান বন্ধের নির্দেশ, বৈদেশিক মুদ্রার বিনিয়ম হার অনুসন্ধান ইত্যাদি সেবা গ্রহণ করতে পারেন।

#### মোবাইল ব্যাংকিং

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহকবৃন্দ মোবাইল ফোনের সাহায্যে তার হিসাবের স্থিতি, লেনদেনের বিবরণী, বিল পরিশোধ, অর্থ প্রদান ইত্যাদি কার্য সম্পাদন করতে পারে। মোবাইল ব্যাংকিং বেশিরভাগ সময়ে মোবাইল ইন্টারনেট অথবা এসএমএস-এর মাধ্যমে সম্পন্ন করা হয়। জনপ্রিয় ও সহজবোধ্য এই মাধ্যমের উপর ভিত্তি করে ব্যাংক এশিয়া একটেল এর সহযোগিতায় “থাম্প পে” নামে মোবাইল ব্যাংকিং সুবিধা দিয়ে আসছে। যার দ্বারা ব্যাংক এশিয়ার গ্রাহকরা তাদের একটেল সংযোগ দিয়ে নিজেদের হিসাব পরিচালনা করতে পারছেন। পাশাপাশি গ্রাহকরা অন্যান্য ব্যাংকিং সেবাসমূহ যেমন- ব্যালেন্স অনুসন্ধান, মোবাইল বিল পরিশোধ, তহবিল স্থানান্তর ইত্যাদি সুবিধা পাচ্ছেন। বর্তমানে গ্রামীণ ফোন ও সিটিসেল গ্রাহকেরাও মোবাইলে হিসাবের ব্যালেন্স জানা, সঞ্চয়ী হিসাব হতে অর্থ উত্তোলনের পর স্বয়ংক্রিয়ভাবে সতর্কীকরণ বার্তা পাওয়া ইত্যাদি সেবা পাচ্ছেন।

#### টেলিফোন ব্যাংকিং

ব্যাংক এশিয়ার গ্রাহকরা টেলিফোনের মাধ্যমে ব্যাংকিং সেবা পেতে পারেন, টেলিফোন ব্যাংকিং সেবাতে স্বয়ংক্রিয় উত্তর দাতা যন্ত্র ব্যবহৃত হয়। নিরাপত্তার নিশ্চিত করতে গ্রাহককে প্রথমে মৌখিক পাসওয়ার্ড বা গোপন প্রশ্নের উত্তরের মাধ্যমে পরিচয় প্রদান করতে হয়। অনেকটা এটিএম সেবার মতই টেলিফোন ব্যাংকিং গ্রাহককে হিসাব সংক্রান্ত তথ্য, সর্বশেষ লেনদেন, ইলেকট্রনিক বিল প্রদান,

## পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

তহবিল স্থানান্তর ইত্যাদি সেবা প্রদান করছে। টেলিফোন ব্যাংকিং গ্রাহকদের সপ্তাহে ৭ দিন ও দিনে ২৪ ঘণ্টার ব্যাংকিং সুবিধা দিয়ে থাকে। এ পদ্ধতি ব্যাংকিং-কে করেছে আরও সহজ এবং দ্রুততর। এ সেবার মাধ্যমে গ্রাহকেরা তাদের প্রয়োজনের ভিত্তিতে রেকর্ডকৃত ভাষার মাধ্যমে আমাদের বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত হতে পারছেন। ব্যাংকের কর্মীদেরকে গ্রাহকদের সাধারণ তথ্যাবলী সংক্রান্ত প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে না। তবে যদি কোন গ্রাহক নির্ধারিত কার্যদিবসের মধ্যে কোন তথ্যের জন্য কর্মীদের সাথে কথা বলতে চায় তাহলে কলটিকে সরাসরি গ্রাহক সেবা কেন্দ্রে কর্মরত প্রতিনিধির সাথে সংযোগ দেয়া হয়।

### তথ্য প্রযুক্তি

#### অবকাঠামো ও উন্নয়ন

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ তারিখ ২৩/১০/২০০৫ অনুযায়ী ব্যাংক এশিয়ার একটি নিজস্ব “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা” রয়েছে যাতে তথ্য নিরাপত্তা, নেটওয়ার্ক নিরাপত্তা, বাহ্যিক নিরাপত্তা, সেবা পরিকল্পনা, দুর্যোগ ব্যবস্থাপনা, হার্ডওয়ার ও সফটওয়ার এর ব্যবহার, কপিরাইট রক্ষা ইত্যাদি সকল কার্যাবলী ও পরিচালনার বিষয়ে সুষ্ঠু নিয়ম ও বিধিমালা সন্নিবেশিত করা আছে। এ নীতিমালা ব্যাংক এশিয়ার পুরো কার্যক্রম জুড়ে প্রচলিত যথা এর কর্মী, সহযোগী প্রতিষ্ঠান এবং সকল প্রকার সরঞ্জামাদি যা ব্যাংকের LAN ও WAN এর সাথে জড়িত। বর্তমান তথ্যপ্রযুক্তি অবকাঠামো আরও সম্প্রসারণের জন্য আমাদের রয়েছে প্রশিক্ষিত ও উচ্চ দক্ষতা সম্পন্ন একটি কর্মীদল।

প্রবাসীদের পাঠানো অর্থ দ্রুত ও নিরাপদে প্রাপকের কাছে পৌঁছানোর জন্য আমরা *ওয়েস্টার্ন ইউনিয়নের* মতো প্রতিষ্ঠানের সাথে একযোগে কাজ করছি এবং এজন্য আমরা একটি স্বতন্ত্র মডিউলও তৈরী করেছি। এছাড়াও বর্তমান বছরে আমরা কেন্দ্রীয় বৈদেশিক বাণিজ্য অর্থায়ন মডিউল এবং ব্যাসেল-২ নিয়ন্ত্রণ মডিউল ও তৈরী করেছি। আমাদের ভবিষ্যত পরিকল্পনায় রয়েছে স্বয়ংক্রিয় ঋণ নিয়ন্ত্রণ কার্যক্রম, কেন্দ্রীয়ভাবে হিসাব খোলা, কেন্দ্রীয়ভাবে ঋণ দলিলপত্রাদি ব্যবস্থাপনা, ঋণ পর্যালোচনা, মানবসম্পদ মূল্যায়নসহ আরও নিত্যনতুন আধুনিক প্রযুক্তি নির্ভর কার্যক্রম।



এফবিসিসিআই-এর ফাউন্ডেশনে অনুদান



উন্নত আর্থিক বিবরণীর স্বীকৃতি

### মানব সম্পদ ব্যবস্থাপনা

ব্যাংক এশিয়া বিশ্বাস করে কর্মীরাই ব্যাংকের ব্যবসার সবচেয়ে গুরুত্বপূর্ণ ও মূলবান সম্পদ। ব্যাংক তার এই কর্মীদের কাছে থেকে যেন কার্যকরী ভূমিকা পেতে পারে সেলক্ষ্য একটি সুন্দর কর্পোরেট পরিবেশ তৈরী করেছে। এই পরিবেশে কর্মীরা ব্যক্তিগত এবং সামগ্রিকভাবে ব্যাংকের লক্ষ্যার্জনে অবদান রাখছে।

ব্যাংক এশিয়া প্রতি বছরই তার কার্যক্রমের পরিধি বাড়িয়েছে এবং এর কর্মকর্তা-কর্মচারী সংখ্যা এক সহস্রাধিক অতিক্রম করেছে। বর্তমানে ব্যাংকের স্থায়ী মানবসম্পদ সংখ্যা ১,০৩১ গত বছরে যা ছিল ৮০২। কর্মক্ষেত্রে নতুন নিয়োগ প্রাপ্ত ছাড়া ব্যাংকের অবশিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সবাই ব্যাংকিং পেশায় দক্ষ এবং অভিজ্ঞ। এদের সবাই দেশীয় এবং বিদেশী শীর্ষস্থানীয় ব্যাংক থেকে এসেছে।

জ্ঞান ও দক্ষতার উন্নয়ন একটি চলমান প্রক্রিয়া। এ কারণে ব্যাংকিং খাতের সাম্প্রতিক উন্নয়ন সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদের ওয়াকিবহাল রাখার জন্য ব্যাংক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ও কর্মশালার আয়োজন করে আসছে। প্রশিক্ষণ কার্যক্রমকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে ব্যাংক আধুনিক সুবিধা সম্বলিত নিজস্ব একটি প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা করছে।

## পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

২০০৯ সালে ব্যাংকের প্রায় ৭৯৪ জন কর্মকর্তা দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা এবং সেমিনারে অংশগ্রহণ করেছে। মানব সম্পদ বিভাগ ছাড়াও অন্যান্য বিভাগ যেমন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ, কেন্দ্রীয় হিসাব বিভাগ, আইটি বিভাগ, বৈদেশিক বাণিজ্য বিভাগ, প্রবাসী আয় বিভাগ, এসএমই ইউনিট এবং ইসলামী ব্যাংকিং বিভাগ তাদের নিজস্ব বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। সদ্য পাশ করা গ্রাজুয়েটদের জন্য ব্যাংক এশিয়ায় রয়েছে “শিক্ষানবীশ কর্মসূচি” যাতে তারা কর্পোরেট বিষয় সম্পর্কে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনের সুযোগ পায়। নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের একটি বিস্তৃত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় যেখানে তারা কাজের ভেতরে ও কাজের বাইরে প্রশিক্ষণ নিয়ে থাকে। এ ধরনের প্রশিক্ষণ তাদেরকে কর্মক্ষেত্রে দক্ষ কর্মী হিসাবে গড়ে তোলে। ২০০৯ সালে ব্যাংক এশিয়া কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রায় ১ কোটি টাকা ব্যয় করেছে।

### অবদানের স্বীকৃতি

ব্যাংকের কাজিত লক্ষ্য সফলভাবে অর্জনের জন্য কর্মীদের দক্ষতা ও অনুপ্রেরণা বৃদ্ধি একান্ত প্রয়োজন। কর্মীদের মধ্যে যাদের অবদান উল্লেখযোগ্য তাদেরকে কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কৃত করা হয়। কর্মীদের কাছ থেকে আন্তরিক ও সৃজনশীল কাজ পেতে অবশ্যই তাদেরকে বিশেষ প্রণোদনা দেওয়া উচিত বলে ব্যাংক এশিয়া মনে করে। “ভাল কাজের জন্য পুরস্কার” এই মূল্যায়ন নীতির ভিত্তিতে ব্যাংক এশিয়া একটি দক্ষ কর্মী বাহিনী গড়ে তুলতে সক্ষম হয়েছে। গ্রাম ও শহরাঞ্চলে শ্রেষ্ঠ শাখাসমূহ এবং ব্যবস্থাপক বৃন্দকে প্রতি বছর পুরস্কৃত করা হয় এবং আমরা বিশ্বাস করি এই ব্যবস্থা প্রতিযোগিতা বৃদ্ধির মাধ্যমে কাজ ও সেবার মান উন্নত করতে সহায়তা করবে।



প্রথম আলো আয়োজিত 'বদলে যাও বদলে দাও' কর্মসূচিতে অংশগ্রহণ

## ঝুঁকি ভিত্তিক মূলধন (ব্যাংক-২) প্রতিবেদন

নতুন নতুন সেবা উদ্ভাবন এবং ব্যাংকিং পরিচালনায় জটিলতা বৃদ্ধির সাথে সাথে আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রতিনিয়ত বিভিন্নমুখী ঝুঁকির সম্মুখীন হচ্ছে। ব্যাংকিং মূলধন নিরূপণের জন্য ব্যাংক-১ ছিল মূলধন পর্যাণ্ডতার একটি সহজবোধ্য মাধ্যম, যেখানে ব্যাংক-২ এর লক্ষ্য হচ্ছে ব্যাংকের ঝুঁকি ভিত্তিক মূলধনের পর্যাণ্ডতার সমন্বয় সাধন করা। বাংলাদেশ ব্যাংক ব্যাংক-২ এর আলোকে মূলধন পর্যাণ্ডতা কাঠামো বাস্তবায়নের জন্য পরিকল্পনা ক্ষেত্র প্রণয়ন করেছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার ভিত্তিতে ব্যাংক এশিয়ায় ব্যাংক-২ বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক-২ বাস্তবায়নের উদ্দেশ্যে ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ঝুঁকি ভিত্তিক সম্পদ হিসাবায়ন করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ ডিসেম্বর ৩১, ২০০৮ এর ভিত্তিতে ব্যাংক এশিয়া লিমিটেড নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করেছে:

- (ক) ঋণ ঝুঁকির জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ।
- (খ) বাজার ঝুঁকির জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ।
- (গ) পরিচালন ঝুঁকির জন্য, বেসিক ইনডিকেটর অ্যাপ্রোচ।

ব্যাংক এশিয়া লিমিটেড সফলভাবে ব্যাংক-২ বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে এবং নিয়মিতভাবে স্বয়ংক্রিয় ত্রৈমাসিক প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে জমা দিতে সক্ষম হয়েছে।

ব্যাংক এশিয়া ব্যাংক-২ এর অধীনে পিলার-৩ এর মাধ্যমে ব্যাংকের ঝুঁকি এবং ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছতা প্রদানে সচেষ্ট রয়েছে। যেহেতু এটা পিলার-৩ এর প্রথম রিপোর্ট, সেহেতু কোন তুলনামূলক তথ্য উল্লেখ করা হয়নি। রিপোর্টে সকল সংখ্যা কোটি টাকায় প্রকাশ করা হয়েছে এবং ব্যতিক্রমগুলোও উল্লেখ করা হয়েছে।

ব্যাংক-২ এর আলোকে ঝুঁকিভিত্তিক মূলধন সম্পর্কিত প্রতিবেদন (পিলার-৩), ২০০৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত।

### (১) প্রতিবেদনের নীতিমালাঃ

নিম্নলিখিত সংখ্যাচক এবং গুণবাচক বিবরণী বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৯, ডিসেম্বর ৩১, ২০০৮ এর নির্দেশনার উপর ভিত্তি করে প্রকাশ করা হয়েছে। এই প্রকাশনার উদ্দেশ্য হচ্ছে বাজারে সংশ্লিষ্টদের ব্যাংকের বিভিন্ন ঝুঁকি সম্পর্কে তথ্য প্রদান এবং সঠিক ও সহজবোধ্য প্রকাশনা কাঠামো তৈরি করা যার মাধ্যমে সহজেই বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের তুলনা করা যায়। ব্যাংকের অনুমোদিত প্রকাশনা নীতিমালা, বাংলাদেশ ব্যাংক, ইন্টারন্যাশনাল ফাইন্যান্স রিপোর্টিং স্ট্যান্ডার্ড, ইনিস্টিটিউট অফ চার্টার্ড এ্যাকাউন্টস অফ বাংলাদেশ, বাংলাদেশ ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড এবং বাংলাদেশ আকাউন্টিং স্ট্যান্ডার্ড কর্তৃক স্বীকৃত।

বাংলাদেশ ব্যাংকের নীতিমালার উল্লেখযোগ্য বিষয়গুলোঃ

- ▶ বিআরপিডি রিভাইজড সার্কুলার নং-১০ তারিখ মার্চ ১০, ২০১০ অনুযায়ী মূলধন পর্যাণ্ডতা অনুপাত হবে ঝুঁকি ভিত্তিক সম্পদের ন্যূনতম ৮%।
- ▶ ঋণ ঝুঁকির জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ গ্রহণ করা।
- ▶ বাজার ঝুঁকির জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ গ্রহণ করা।
- ▶ পরিচালন ঝুঁকির জন্য বেসিক ইনডিকেটর অ্যাপ্রোচ গ্রহণ করা।
- ▶ বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক ভিত্তিক মূলধন পর্যাণ্ডতা রিপোর্ট জমা দেওয়া।
- ▶ সন্তোষজনক ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা গ্রহণ করা।

### (২) প্রয়োগের ক্ষেত্রঃ

ব্যাংক এশিয়ার কোন সাবসিডিয়ারী বিনিয়োগ নেই এবং ব্যাংক-২ শুধুমাত্র ব্যাংক লেভেলে বাস্তবায়িত হচ্ছে।

**(৩) প্রকাশনা কাঠামোঃ**

বাংলাদেশ ব্যাংক ব্যাসেল-২ এর নির্দেশনার ভিত্তিতে প্রকাশনা নীতিমালা নিম্নবর্ণিত হলো ।

**সম্পদঃ**

ব্যাংক এশিয়ার সম্পদ সমূহ দুই ভাগে বিভক্ত ।

- (ক) ব্যাংকিং বুক সম্পদ ।
- (খ) ট্রেডিং বুক সম্পদ ।

সাধারণত ট্রেডিং এর জন্য বিনিয়োগ ট্রেডিং বুকের প্রধান গুরুত্বপূর্ণ অংশ । উদ্বৃত্তপত্রের অন্যান্য সম্পদ ব্যাংকিং বুকের অন্তর্ভুক্ত । ব্যাংক এশিয়া লিমিটেডের উপার্জনক্ষম সম্পদ এবং অনউপার্জনক্ষম সম্পদের উপাদানগুলো নিম্নরূপঃ

**উপার্জনক্ষম সম্পদঃ**

- ▶ ঋণ ও অগ্রিম প্রদান ।
- ▶ সিকিউরিটিজ এ বিনিয়োগ ।
- ▶ মানি এট কল এবং শর্ট নোটিশ ।
- ▶ অন্যান্য ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে ব্যালেন্স ।
- ▶ অফসোর ইউনিট থেকে সম্ভাব্য প্রাপ্তিসহ আয়যোগানকারী অন্যান্য সম্পদ ।

**অনউপার্জনক্ষম সম্পদঃ**

- ▶ নগদ সঞ্চিতি অনুপাত বজায় রাখার জন্য বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত উদ্বৃত্ত ।
- ▶ নগদ
- ▶ স্থায়ী সম্পদ
- ▶ অন্যান্য সম্পদ ।

পূর্ববর্তী বছরের তুলনায় ৩১ ডিসেম্বর ২০০৯ এ ব্যাংক এশিয়া লিমিটেডের উদ্বৃত্তপত্রের পরিধি ২৮.৬৩% বৃদ্ধি পেয়েছে । ব্যাংক প্রধানত এর তহবিলের অতিরিক্ত অংশ ট্রেজারি বিল ও বণ্ড সিকিউরিটিজ এ বিনিয়োগ করেছে । ২০০৮ সালের ৩১ ডিসেম্বরের তুলনায় এই বিনিয়োগ ১২১% বৃদ্ধি পেয়েছে ।

সম্পদগুলোর মান ও আয় অর্জনের ক্ষমতা বজায় রাখার জন্য নিয়মিত সঠিকভাবে পরিচালিত হয় । সম্পদ ও দায় ব্যবস্থাপনা কমিটি সম্পদের আচরণগত ধারা সম্পর্কে তদারকি করে । শ্রেণীকৃত সম্পদ প্রধানত ঋণ এবং অগ্রিম প্রদানের অংশ (মোট ঋণ এবং অগ্রিম প্রদানের ১.৫৬ ভাগ) । বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী হিসাববৃত্ত শ্রেণীকৃত ঋণ এবং অগ্রিম প্রদান ছিল ১০৭.২৬ কোটি (মোট ঋণ এবং অগ্রিম প্রদানের ২.৬৮ ভাগ) ৩১ ডিসেম্বর, ২০০৮ অনুযায়ী এবং ৭৮.৫১ কোটি ৩১ ডিসেম্বর, ২০০৯ অনুযায়ী (মোট ঋণ এবং অগ্রিম প্রদানের ১.৫৬ ভাগ) । এই পরিবর্তনের প্রধান কারণ দক্ষ আদায় প্রক্রিয়া এবং ঋণের উপর শক্তিশালী নিয়ন্ত্রণ ।

অ্যালকো (অ্যাসেট লায়াবিলিটি কমিটি) ব্যাংকের সম্পদ এবং দায়বদ্ধতার অবস্থা, অর্থনৈতিক অবস্থা, ব্যাংকের তারল্য, মূলধন পর্যাপ্ততা, উদ্বৃত্তপত্রের ঝুঁকি, সুদের হার ঝুঁকি সম্পর্কে প্রতিনিয়ত নজরদারি এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে । ব্যাংকে বিভিন্ন ঝুঁকি ব্যবস্থাপনার জন্য সকল অ্যালকোর সদস্যদের সমন্বয়ে পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে ।

পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

	কোটি টাকা
	২০০৯
<b>১. ব্যাংকিং বুক অ্যাসেট</b>	
নগদ (বৈদেশিক মুদ্রা ব্যাতিত)	৪৬.৫৫
বাংলাদেশ ব্যাংক এবং এর অনুমোদিত ব্যাংকের সাথে ব্যালেন্স (বৈদেশিক মুদ্রা ব্যাতিত)	৩২৭.৪২
কলমানি	-
	৩৭৩.৯৭
বিনিয়োগ (এইচ টি এম)	
সরকারি	৩১১.৯৩
অনুমোদিত ব্যাংক	১১১.০২
অন্যান্য ব্যাংকের সাথে ব্যালেন্স	২৪.৫১
ঋণ ও অগ্রিম/বিনিয়োগ	৪৪৭.৪৬
অশ্রেণীকৃত	
নিয়মিত কর্মকর্তাদের ঋণ সহ স্পেশাল মেনশন অ্যাকাউন্টস	৪,৯২০.০৫
	২৮.২৩
	৪,৯৪৮.২৮
শ্রেণীকৃত	
নিম্নমান	১৪.৪৫
সন্দেহজনক	১৪.২৩
মন্দ/ক্ষতি	৪৯.৮৩
	৭৮.৫১
	৫,০২৬.৭৯
ঝুঁকিভিত্তিক সম্পদ	
১০০% এর নিচে	৩,৯৭৫.০১
১০০%	৪২৯.৪৫
১০০% এর উপরে	২,১৭৩.৪৩
	৬,৫৭৭.৮৯
রেটেড অবস্থা (ক্রেডিট এবং অফ ব্যালেন্স সিট)	
রেটেড সম্পদ	৪৭৩.১৩
আনরেটেড সম্পদ	৪,৭১৭.৯৫
	৫,১৯১.০৮
অন্যান্য সম্পদ (স্থায়ী সম্পদসহ)	৩৬৩.৭৮
মোট ব্যাংকিং বইয়ের সম্পদ	৬,২১২.০০
<b>২. ট্রেডিং বইয়ের সম্পদ</b>	
নগদ বৈদেশিক মুদ্রা	০.৮৩
বাংলাদেশ ব্যাংক এবং নস্ট্র একাউন্স	২৪.৮৬
বিনিয়োগ (ট্রেডিং)	-
সরকারি (এস এল আর- এর অতিরিক্ত)	-
এইচ এফ টি	৬২৯.৮৭
এ এফ এস (যদি থাকে)	-
মোট ট্রেডিং বইয়ের সম্পদ	৬৫৫.৫৬
মোট সম্পদ	৬,৮৬৭.৫৬

**(৪) ঝুঁকি ব্যবস্থাপনাঃ**

ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা পাঁচটি মূল ঝুঁকির ক্ষেত্র কভার করে। (ক) ঋণ ঝুঁকির ব্যবস্থাপনা (খ) বৈদেশিক বিনিময় ঝুঁকি ব্যবস্থাপনা (গ) সম্পদ ও দায় ব্যবস্থাপনা (ঘ) মানি লভারিং প্রতিরোধ ব্যবস্থাপনা (ঙ) আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, বিআরপিডি সার্কুলার নং ১৭ অক্টোবর ৭, ২০০৩ উল্লেখযোগ্য। এছাড়াও ব্যাংক এশিয়া লিমিটেড বিআরপিডি সার্কুলার ১৪ তারিখ ২৩ অক্টোবর ২০০৫ অনুযায়ী “গাইডলাইন অন ইনফরমেশন এবং কমিনিকেশন টেকনলজি ফর সিডিউলড ব্যাংকস” এর নিতিমালা অনুসরণ করেছে। বিআরপিডি সার্কুলার নং ৯, ৩১ ডিসেম্বর ২০০৮ অনুযায়ী “গাইডলাইন অন রিস্কবেসড ক্যাপিটাল অ্যাডুকেসি ফর ব্যাংক” যেটা জনপ্রিয়ভাবে “ব্যাংক-২ ফ্রেমওয়ার্ক” নামে পরিচিত সেটা ব্যাংকগুলোকে ঝুঁকি ব্যবস্থাপনা উন্নয়ন করতে প্রাথমিকভাবে সহায়তা করেছে। ইহা আধুনিক ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল পুঞ্জীভূত করে এবং ঝুঁকি আবেদনকে আরো সংগঠিত করে ব্যাংকের পরিচালনা ও মূলধন পর্যাণ্ডতার মধ্যে সমন্বয় সাধন করে।

**(ক) ঋণ ঝুঁকিঃ**

ঋণ ঝুঁকি হচ্ছে এমন একটি ঝুঁকি যেখানে ঋণগ্রহীতা ঋণের দায়দায়িত্ব ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে পালন করতে ব্যর্থ হয় যা ব্যাংকের অর্থনৈতিকভাবে ক্ষতিসাধন করে। ঋণ ঝুঁকি একটি সহনশীল মাত্রায় কমিয়ে আনা হইছে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার মূল লক্ষ্য। ঋণ সংক্রান্ত কাজের ভিত্তিতে ব্যাংক কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব ভাগ করে দেয়া হয়েছে। ঋণ ঝুঁকি হ্রাসকল্পে পৃথক পৃথক ভাবে কর্পোরেট, রিটেইল, এসএমই, ক্রেডিট কার্ড ইউনিট গঠন করা হয়েছে। কার্যক্রমের স্বচ্ছতার স্বার্থে ব্যাংক ক্রেডিট ডিভিশনকে পৃথক পৃথক বিভাগ গঠন করেছে। এগুলো হলোঃ

(ক) ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

(খ) ঋণ (প্রশাসন) বিভাগ

(গ) আইন ও আদায় বিভাগ

ঋণ ঝুঁকি কমানোর উদ্দেশ্যে ব্যাংক এশিয়া লিমিটেড একটি শক্তিশালী ঋণ মঞ্জুর পদ্ধতি/নীতিমালা চালু করেছে। এই পদ্ধতি/নীতিমালার আলোকে সকল বাণিজ্যিক ঋণ অনুমোদন এবং ঋণ প্রদান প্রধান কার্যালয় থেকে নিয়ন্ত্রণ করা হয়। শাখা থেকে প্রেরিত ঋণের প্রস্তাব গুলো ঋণ ব্যবস্থাপনা বিভাগ সূক্ষ্মভাবে নিরীক্ষণ করে।

প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি অথবা প্রয়োজনে পরিচালনা পর্যদের অনুমোদনের পর শাখাগুলোকে ঋণ প্রদানের অনুমতি দেয়া হয়। শাখা কর্তৃক অবশ্য পালনীয় শর্তগুলো যথাযথ ভাবে পূরণ সাপেক্ষে ঋণ প্রশাসন বিভাগ উক্ত ঋণের লিমিট সিস্টেমে প্রদান করে। এই ব্যবস্থাপনা দায়িত্ব ও কর্তব্যের বন্টন নিশ্চিত করে ঋণ ঝুঁকি কমাতে সহযোগিতা করে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী গ্রহকের ঋণ মূল্যায়ন মান নির্ধারণের জন্য ব্যাংক অনুমোদিত ঋণ মূল্যায়ন প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রহকের ঝুঁকি পরিমাপ হয়ে থাকে। বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী স্টাভারাইজড অ্যাপ্রোচের মাধ্যমে ঋণ ঝুঁকি পরিমাপ করা হয়। ঋণ ঝুঁকি হ্রাস অথবা সহায়ক জামানত গ্রহণযোগ্যতা সম্পর্কে ব্যাংকের একটি সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে। ব্যাংক একটি শক্তিশালী মূল্যায়ন মাপকাঠি ব্যবহার করে যা বাস্তব প্রমাণের ভিত্তিতে নিয়মিত পর্যালোচনা করা হয়।

**প্রধান জামানতের ধরণগুলো নিম্নরূপঃ**

- ▶ নগদ জামানত।
- ▶ ব্যক্তিগত পর্যায়ে, বাসস্থান সম্পত্তির উপর বন্ধকী।
- ▶ শিল্প এবং বাণিজ্যিক পর্যায়ে, বাণিজ্যিক সম্পদ যেমনঃ বিল্ডিং, স্টকের উপর চার্জ।
- ▶ যন্ত্রপাতির উপর চার্জ।

মন্দ ঋণের ব্যাপারে সূক্ষ্ম নজরদারি করা হয় এবং নিয়মিতভাবে ব্যাংকের অবস্থার উন্নতির ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার প্রধান উদ্দেশ্য হচ্ছে ব্যাংকের ঋণের সম্ভাব্য ঝুঁকি হ্রাস করা এবং ঋণ ঝুঁকির এক্সপোজারকে সামঞ্জস্যপূর্ণ মাত্রায় পরিচালনা করা।

গ্রাহকদের ঝুঁকি পরিমাপের মানদণ্ড হলো তাদের অর্থনৈতিক অবস্থা, ব্যবস্থাপনা পরিষদ, সুবিধা কাঠামো, জামানত, ঝুঁকি মূল্যায়ন ইত্যাদি। বেশিরভাগ গ্রাহক এক্সপোজারের সীমা হচ্ছে ব্যাংকের মূলধনের ১৫% (তহবিলকৃত) যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত এবং জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্ব অনুমতি সাপেক্ষে ক্ষেত্র বিশেষে উচ্চসীমা প্রদান করা হয়।

সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে মেয়াদ উত্তীর্ণ ঋণ সংস্কার করা হয়। বাংলাদেশ ব্যাংকের নীতিমালার উপর ভিত্তি করে সুনির্দিষ্ট এবং সাধারণ সংস্থান নিয়মিতভাবে হিসাব করা হয়।

**ঋণ ঝুঁকি হ্রাসকরণঃ**

ব্যাংক স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচের মাধ্যমে ঋণ ঝুঁকি হ্রাস করে থাকে এক্ষেত্রে শুধুমাত্র নগদ জামানত হিসাব বিবেচনায় এনে নিট এক্সপোজার হিসেব করা হয় ।

ঋণ ঝুঁকির মোট এক্সপোজার	কোটি টাকা
গুণবাচক প্রকাশনা	
<b>ক. ফান্ডেড</b>	
- আভ্যন্তরীণ	৬,১৪৪.৯৮
- বৈদেশিক	-
<b>খ. ননফান্ডেড</b>	
- আভ্যন্তরীণ	৫২৮.৪৬
- বৈদেশিক	-
<b>গ. ঝুঁকি বন্টন</b>	
- বিদেশী এবং কেন্দ্রীয় ব্যাংকের জামানতকৃত	৮৪০.০৪
- অন্যান্য প্রতিষ্ঠানের জামানতকৃত	-
- ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের জামানতকৃত	৬১৩.৪৮
- কর্পোরেট গ্রাহকের জামানতকৃত	২,৩৫৮.৭৮
- ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের জামানতকৃত	
ক্ষুদ্র ও মাঝারি পোর্টফোলিও	১,৭৯৪.৪৫
কনজুমার লোন	৭১৭৬.৪
	১,৯৭০.৯২
- বসত বাড়ি দ্বারা জামানতকৃত	১১৯.৬৪
- বাণিজ্যিক আবাসন দ্বারা জামানতকৃত	২.৬৪
- অন্যান্য	
পাস্ট ডিউ ক্লেইম	১০৬.৭৪
মোট অফ ব্যালেন্স সিট লোন	২৪৬০.৪৩
<b>ঘ. ঋণ ঝুঁকি হ্রাসকরণ</b>	
আর্থিক উপকরণ জামানতকৃত	২৫৮.৪৫
নেট এক্সপোজার	৬২.৮৫
গ্রহণযোগ্য নিশ্চয়তাদ্বারা জামানতকৃত	-

**(খ) বাজার ঝুঁকিঃ**

বাজার ঝুঁকি হলো ব্যাংকের সুদের হার বা সিকিউরিটি মূল্যের বাজার দরের পরিবর্তন, বৈদেশিক বিনিময় এবং ইকুয়িটি পরিবর্তন, সেই সাথে সেগুলোর অস্থিতিশীল পরিবর্তনের ফলে ব্যাংকের মূলধন এবং আয়ের উপর ঝুঁকি ।

ব্যাংক ট্রেডিং বুকের এক্সপোজারের জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচের মাধ্যমে বাজার ঝুঁকি হিসাব করে । মূলধনের চার্জ প্রযোজ্য হয় শুধুমাত্র বিধিনিষেধ আরোপিত চুক্তিমুক্ত আর্থিক উপকরণের উপর । সাধারণত ট্রেডিং বুকের মূল বিষয় হলো ট্রেডিং পোর্টফোলিওর উপর বিনিয়োগ মূলধন চার্জ যা প্রচলিত মূলধনের একটি অংশ এবং যা ব্যাংক এক্সপোজারের সামঞ্জস্যপূর্ণ ঝুঁকির উপর ভিত্তি করে ধারণ করা হয়, যদি একে ১০ দ্বারা গুণ করা হয় তবে ঐ এক্সপোজারের রিস্ক ওয়েটেড পরিমাণ পাওয়া যায় ।

বাজার ঝুঁকি তদারকি করার জন্য ব্যাংক বিভিন্ন অভ্যন্তরীণ সূচক দাঁড়করিয়েছে এবং ব্যাসেল-২ এ স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ অনুযায়ী মূলধনের হিসাব করেছে ।

**ব্যাংক যে সকল বাজার ঝুঁকির সম্মুখীন হয় সেগুলো নিম্নরূপঃ**

**ট্রেডিং বইয়ে সুদের হারের ঝুঁকিঃ**

ব্যাংক ট্রেডিং বইয়ে সুদের হারের ঝুঁকি মেয়াদ পূর্ত পদ্ধতিতে হিসাব করে। বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী বাজার ঝুঁকি ও এক্সপোজার মূলধনের চার্জ স্ট্যান্ডারডাইজড অ্যাপ্রোচের মাধ্যমে হিসাব করা হয়।

**ব্যাংকিং বইয়ে সুদের হারের এক্সপোজারঃ**

সুদের হারের ঝুঁকি হল এমন একটি ঝুঁকি যেখানে সুদের হারের পরিবর্তন ব্যাংকের অর্থনৈতিক অবস্থার উপর বৈরী প্রভাব ফেলে। সুদের হারের পরিবর্তনের তাৎক্ষণিক প্রভাব হল নীট সুদের হার। সুদের হারের পরিবর্তনে ব্যাংকের নীট মূল্যের উপর দীর্ঘমেয়াদী প্রভাব পড়ে কারণ সম্পদের দায়বদ্ধতা এবং অফ ব্যালেন্স সিটের আর্থিক মূল্যের অবস্থান বাজারে সুদের হার পরিবর্তনের সাথে প্রভাবিত হয়। সুদের হারের ঝুঁকি পরিচালনার দায়িত্ব ব্যাংকের সম্পদ ও দায় ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত। ব্যাংক নিয়মিত ভাবে ব্যাংকিং বইয়ের সুদের হারের ঝুঁকি হিসাব করে যা সম্পদ ও দায়ের সুদের হারের পুনর্মূল্যায়নের অসংগতি থেকে আসে। পুনর্মূল্যায়নের অসংগতি এবং সুদের হারের ঝুঁকির বিস্তারিত প্রতিবেদন এ্যাসেট লায়বিলিটি কমিটি ম্যানেজমেন্ট কমিটির কাছে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নিয়মিত প্রদান করে থাকে।

**(গ) বৈদেশিক মুদ্রার বিনিময় ঝুঁকিঃ**

বৈদেশিক মুদ্রার বিনিময় ঝুঁকি হলো ব্যাংকের বৈদেশিক মুদ্রার স্থিতি যা ব্যাংকের নিজেস্ব (উদ্ভূত/ ঘাটতি) হোল্ডিংয়ে ঐ পরিমাণ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনের ফলে ব্যাংকের ক্ষতির সম্ভাবনাকে বুঝায়। বৈদেশিক মুদ্রার বিনিময় ঝুঁকি ব্যবস্থাপনার দায়-দায়িত্ব ব্যাংকের ট্রেজারি বিভাগের উপর ন্যস্ত। আমদানি, রপ্তানি, ইনওয়ার্ড ও আউট ওয়ার্ড রেমিটেন্সের ক্ষেত্রে ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ লেনদেন করা হয়। ট্রেজারি ফ্রন্ট অফিস অসুস্থী ও বহির্স্থী বৈদেশিক বাণিজ্য তদারকি করে এবং বৈদেশিক বিনিময় ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। ট্রেজারী অপারেশন দুই ভাগে বিভক্ত থাকে, একটি হল ট্রেজারি ফ্রন্ট অফিস যা বৈদেশিক বিনিময় ঝুঁকির ব্যবস্থাপনার সাথে সংযুক্ত এবং আরেকটি হল ব্যাক অফিস যা কার্যক্রমগুলো প্রক্রিয়াজাত করে এবং তদানুযায়ী নিরীক্ষণ করে। উভয় অফিসই স্বাধীনভাবে প্রতিবেদন তৈরি করে। ঝুঁকি-হ্রাস নিশ্চিতকরণের জন্য স্বাধীন প্রতিবেদন আইন রয়েছে। নীট ঋণাত্মক অবস্থান ও নীট ধনাত্মক অবস্থানের মধ্যে ব্যাংকে যেটি বড় থাকে তার উপর বৈদেশিক মুদ্রার বিনিময়ের ঝুঁকি হিসাব করা হয়।

**(ঘ) ইকুইটি ঝুঁকিঃ**

ট্রেডিং ইকুইটিতে ব্যাংকের কোন বিনিয়োগ নেই।

মূলধন আরোপণের জন্য বাজার ঝুঁকির উপকরণ নিম্নরূপঃ

ট্রেডিং বকের বাজার ঝুঁকি	কোটি টাকা
গুণবাচক প্রকাশনা	২০০৯
মূলধনের প্রয়োজনীয়তা হচ্ছে	
সুদের হারের ঝুঁকি	১৭.৯৯
ইকুইটি ঝুঁকি	-
বৈদেশিক মুদ্রার বিনিময় ঝুঁকি	২.৯৮
কমোডিটি ঝুঁকি	-
	২০.৯৭

**(ঙ) পরিচালনা ঝুঁকিঃ**

পরিচালনা ঝুঁকি হচ্ছে একটি ক্ষতির ঝুঁকি যা প্রতারণা, অ-অনুমোদিত কার্যকলাপ, ভ্রান্তি, অনুল্লেখ্য, অদক্ষতা, ব্যবস্থার অকৃতকার্যতা অথবা বাহ্যিক ঘটনা থেকে উদ্ঘাটিত হয়। এটা সমস্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোতে বিদ্যমান এবং বিস্তারিত বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করে। ব্যাংক এশিয়া লিমিটেড এই ঝুঁকি প্রক্রিয়া নথিভুক্তকরণ, অনুমোদনের স্বাধীনতা ও লেনদেনের নজরদারি এবং পেশকরণের মাধ্যমে পরিচালনা করে থাকে। ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়াটি আইসিসি বিভাগের মাধ্যমে স্বাধীনভাবে সম্পাদিত হয়ে থাকে, এর মাধ্যমে ব্যাংক এশিয়া লিং ঝুঁকি ব্যবস্থাপনার সর্বোত্তম মান বজায় রাখা এবং আর্থিক খাতের ঝুঁকি থেকে শিক্ষা নিয়ে তাদের অপারেশনাল কার্যক্রম পরিচালনা করে।

কেন্দ্রীয় ব্যাংকের শর্তানুযায়ী ঝুঁকি চিহ্নিতকরণ, মূল্যায়ন, নজরদারি, ঝুঁকি-হ্রাসকরণ, পরিচালনা ঝুঁকির উন্নয়ন এবং অন্যান্য পদ্ধতির প্রয়োগের মাধ্যমে ব্যাংক এশিয়া লিমিটেড অপারেশন ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া পরিচালনা করে থাকে। অপারেশনাল ঝুঁকি ব্যবস্থাপনার প্রধান দায়িত্ব হচ্ছে ব্যবসা প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরের ঝুঁকি নজরদারি করা, তথ্য ব্যবস্থাপনা পরিচালনা ঝুঁকি নির্দিষ্টকরণ এবং মূল্যায়ন রেকর্ড করে এবং নিয়মিত সঠিক ব্যবস্থাপনা প্রতিবেদন প্রদান করে।

**পরিচালন ঝুঁকির মূলধন আরোপণঃ**

ব্যাংক অপারেশনাল ঝুঁকি বেসিক ইনডেকস্টের অ্যাগ্রোচের মাধ্যমে হিসাব করে থাকে। বেসিক ইনডেকস্টের অ্যাগ্রোচ খুবই সাধারণ অ্যাগ্রোচ। এই অ্যাগ্রোচে বলা হয় যে একটি ব্যাংক বিগত তিন বছরের গড় ধনাত্মক বাৎসরিক মোট আয়ের (ঋণাত্মক বাৎসরিক মোট আয়কে উপেক্ষা করে) ১৫% অপারেশনাল ঝুঁকি ব্যবস্থাপনার মূলধন হিসাবে রাখবে।

পরিচালন ঝুঁকি

কোটি টাকা

গুণবাচক প্রকাশনা

পরিচালনা ঝুঁকির জন্য মূলধনের প্রয়োজনীয়তা

৪২.৯১

**(৫) সুনির্দিষ্ট সংস্থান :**

ব্যাংক নন পারফরমিং ঋণ সম্পর্কিত যে কোন বিষয়, সংস্থান এবং শ্রেণীকৃত ঋণ সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণ করে। ব্যাংকের অভ্যন্তরীণ ঋণ নির্দেশিকা সুদ স্বীকৃতি, প্রতিবেদনের শর্ত, সুবিধার মাত্রা, ঋণ অবলোপন, ঋণ সংস্থান এর পুনর্বিবেচনা প্রক্রিয়া এবং নন পারফরমিং ঋণ ব্যবস্থাপনা পরিচালনা করে। ব্যাংকের নির্দেশিকা কেন্দ্রীয় ব্যাংকের নিয়মনীতি লঙ্ঘন করে না, তাই সর্বদা ঋণের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালা অনুযায়ী ব্যাংক সিদ্ধান্ত গ্রহণ করে। বিআরপিডি সার্কুলার নং- ৫ (৫ জুন ২০০৬) অনুযায়ী ব্যাংক সারা বছর ধরে ঋণের পোর্টফোলিও সূক্ষ্ম নজরদারির মধ্যে রাখে যাতে করে কোন ঋণ অকার্যকর ঋণের দিকে ধাবিত হচ্ছে কিনা বুঝা যায়, যা ব্যাংকের প্রতিশনে আঘাত করতে পারে। সার্কুলারের নির্দেশনা অনুযায়ী ফরমুলিক অ্যাগ্রোচ অনুসরণ করা হয় যেখানে বিভিন্ন ধরনের ঋণের ক্ষেত্রে সুনির্দিষ্ট করে ধার্য করা হয়। বিআরপিডি সার্কুলার নং-০৫ (২৯ এপ্রিল, ২০০৮) অনুযায়ী সংস্থানের হার নিম্নরূপ।

বিবরণ	শতকরা
ঋণ ও অগ্রিম প্রদানের সুনির্দিষ্ট সংস্থান :	
নিম্নমান ঋণ ও অগ্রিম প্রদানের সুনির্দিষ্ট সংস্থান ২০%	২০%
সন্দেহ জনক ঋণ ও অগ্রিম প্রদানের সুনির্দিষ্ট সংস্থান ৫০%	৫০%
মন্দ/ক্ষতি ঋণ ও অগ্রিম প্রদানের সুনির্দিষ্ট সংস্থান ১০০%	১০০%

বিআরপিডি সার্কুলার নং -৫ (৫ জুন, ২০০৬) অনুযায়ী গুণবাচক বিচারের মাধ্যমে ব্যাংক সংস্থানের পথ খোলা রেখেছে। গুণবাচক পদ্ধতি তত্ত্বের মাধ্যমে সুনির্দিষ্ট সংস্থানের মূল্যায়ন যদি ফরমুলিক অ্যাগ্রোচের মাধ্যমে মূল্যায়নের চেয়ে বড় হয় তবে দুইয়ের মধ্যে অধিকতর বেশিটি ঋণ ও অগ্রিম প্রদানের সুনির্দিষ্ট সংস্থানের লাভ ক্ষতির হিসাবে যাবে।

সুনির্দিষ্টভাবে সংস্থান রক্ষার্থে গুণবাচক প্রকাশনা	কোটি টাকা
<b>১. মোট নন-পারফরমিং সম্পদ</b>	১০৬.৭৪
মোট ঋণ ও অগ্রিমের এবং নন-পারফরমিং সম্পদের অনুপাত	২.১২%
<b>২. চলতি নন-পারফরমিং সম্পদ</b>	
প্রারম্ভিক ব্যালেন্স	২৫৮.৪৯
চলতি বছরের বৃদ্ধি	৪০.৮৩
চলতি বছরের হ্রাস	(১৯২.৫৮)
সমাপনী ব্যালেন্স	১০৬.৭৪
<b>৩. এন পি এ-এর জন্য চলতি সুনির্দিষ্ট সংস্থান</b>	
প্রারম্ভিক ব্যালেন্স	৬৪.৪৮
চলতি বছরের সংস্থান	১১.৯০
চলতি বছরের অবলোপন	(৪০.৮৪)
অবলোপনকৃত সংস্থানের উদ্ধৃত	-
সমাপনী ব্যালেন্স	৩৫.৫৪

**(৬) রেগুলেটরী মূলধনঃ**

ব্যাংক এশিয়া লিঃ মূলধন কাঠামো টায়ার-১ এবং টায়ার-২ এর সমন্বয়ে গঠিত। রেগুলেটরী মূলধনকে বিশদভাবে ৩ ভাগে ভাগ করা যায়ঃ টায়ার-১ মূলধন, টায়ার-২ মূলধন ও টায়ার-৩ মূলধন। মূলধন কাঠামো নিম্নোক্ত নীতি অনুসরণ করেঃ

- (১) টায়ার-২ ও টায়ার-৩ এর মূলধনের যোগফল টায়ার-১ এর মোট মূলধনের চেয়ে বেশি নয়।
- (২) ৫০% এ্যাসেট রিভ্যালুয়েশন রিজার্ভ টায়ার-২ জন্য প্রযোজ্য। বাজার ঝুঁকির ন্যূনতম ২০% টায়ার-১ মূলধন থেকে যোগান দিতে হবে। ঋণ ঝুঁকি মিটানোর পরে যে পরিমাণ টায়ার-১ মূলধন থাকবে তার সর্বোচ্চ ২৫০% পর্যন্ত টায়ার-৩ মূলধনের মাধ্যমে বাজার ঝুঁকির জন্য মূলধন যোগান দেওয়া যাবে।
- (৩) সিকিউরিটিজ রিভ্যালুয়েশন রিজার্ভের ৫০% পর্যন্ত সাপ্লিমেন্টারী মূলধন প্রযোজ্য হবে।
- (৪) সাব-অর্ডিনেটেড ডেট টায়ার-১ মূলধনের সর্বোচ্চ ৩০% হবে এবং তালিকাভুক্ত সাব-অর্ডিনেটেড ডেট পুঁজিবাজার থেকে সংগ্রহ করা যাবে।

সাধারণ সংস্থান, ট্রেডিং নিরাপত্তার জন্য এবং মেয়াদপূর্তির জন্য পুনঃমূল্যায়নকৃত মজুদের ৫০% মিলে ব্যাংকের টায়ার-২ অথবা সাপ্লিমেন্টারী মূলধন গঠিত হয়।

বাজার ঝুঁকির জন্য প্রযোজ্য মূলধন চার্জ দ্বারা টায়ার-৩ অথবা স্বল্প মেয়াদী সাব অর্ডিনেট ডেট (Debt) গঠিত হয়। এই ব্যাংকের কোন টায়ার-৩ মূলধন নেই।

মূলধন কাঠামোর বিশদ বিবরণী নিম্নরূপঃ

উপকরণ সমূহ	২০০৯ (কোটি টাকা)	
কোর মূলধন (টি আর-১)		
পেইডআপ মূলধন	২১৪.৪৮	
শেয়ার প্রিমিয়াম	-	
বিধিবদ্ধ সংরক্ষণ	১৫৫.৭০	
বণ্টনযোগ্য আয়	৯৪.২৬	৪৬৪.৪৪
সহায়ক মূলধন (টি আর-২)		
অশ্রেণীকৃত লোন/ বিনিয়োগের জন্য সাধারণ সংস্থান	৬২.৬৬	
অফ ব্যালেন্স সিট আইটেমের সাধারণ সংস্থান	২৪.৮২	
এক্সচেঞ্জ ইকুলাইজেশন একাউন্ট	০.৩৩	
পুনঃমূল্যায়নকৃত সম্পদের সংরক্ষণ	-	
পুনঃমূল্যায়নকৃত সিকিউরিটিজের সংরক্ষণ	১৫.৩২	১০৩.১৩
মোট মূলধন		৫৬৭.৫৭

**(৭) মূলধন পর্যাণ্ডতাঃ**

ব্যাংক ঋণ ঝুঁকি ও অপারেশন ঝুঁকির প্রয়োজনীয় মূলধন হিসাবের জন্য স্ট্যান্ডার্ডাইজড অ্যাপ্রোচ এবং বেসিক ইন্ডিকেটর অ্যাপ্রোচ গ্রহণ করেছে। মূলধন পর্যাণ্ডতার মূল্যায়ন সংযুক্ত হবে বাংলাদেশ ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার রিপোর্টের সাথে। ন্যূনতম রেগুলেটরী রিকোয়ামেন্ট ১০% এর মধ্যে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার অনুপাত ১০.১৩% এবং টায়ার-১ এর ন্যূনতম রেগুলেটরী রিকোয়ামেন্ট ৫% এর মধ্যে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার অনুপাত ৮.২১%। ব্যাংক শক্তিশালী মূলধনের অনুপাত এবং উচ্চ হার নির্ধারণের উদ্দেশ্যে এর মূলধন ব্যবস্থাপনা ও পরিচালনা নীতি গ্রহণ করেছে। সমস্ত বস্তুগত ঝুঁকি মোকাবিলার উদ্দেশ্যে ব্যাংকে পর্যাণ্ড মূলধন পরিচালনা করে। ব্যাংক এটাও নিশ্চিত করে যে মূলধনের পরিমাণ রেগুলেটরীর শর্ত পূরণ করে এবং সেই সাথে বহিরাগত রেটিং এজেন্সি, বাণিজ্যিক গ্রাহক ও আমানতকারীদেরকেও সন্তুষ্ট করে। সার্বক্ষণিক মূলধন পর্যাণ্ডতা নিশ্চিত করাই ব্যাংকের মূলধন পরিচালনার মূল উদ্দেশ্য।

পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

ব্যাংক এমন একটি মূলধন পর্যাণ্ডতার কাঠামো দাঁড় করিয়েছে যার মাধ্যমে ব্যাংকের বাৎসরিক বাজেট অনুমান এবং ব্যবসায়িক উদ্দেশ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় মূলধন যুগপৎ সম্পর্কযুক্ত। অ্যাসেট লায়াবিলিটি কমিটি (এ্যালকো) ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার অনুপাত নির্দিষ্ট সময় পর পর মূল্যায়ন ও পুনর্বিবেচনা করে প্রধান কার্যালয়ে প্রতিবেদন পাঠায়। মূলধন কাঠামোর বিচ্যুতি হ্রাসকরণ এবং মূলধনের স্থায়িত্ব নিশ্চিত করণের জন্য টায়ার ১, ২ ও ৩ এর মূলধনের সমন্বয়কে বিশ্লেষণ করা হয়।

উপকরণ সমূহ	(কোটি টাকা)
বিভিন্ন ঝুঁকি ভিত্তিক সম্পদের অবস্থান নিম্নরূপ	২০০৯
	পরিমাণ
অন ব্যালেন্স সিট আইটেম	৪,৬৯৫.৭০
অফ ব্যালেন্স সিট আইটেম	৩৩২.৭০
মোট ঋণ ঝুঁকি	৫,০২৮.৪০
বাজার ঝুঁকি	২০৯.৬৯
পরিচালন ঝুঁকি	৪২৯.১১
মোট ঝুঁকি ভিত্তিক সম্পদ	৫,৬৬৭.২০
মূলধন পর্যাণ্ডতার বিশদ বিবরণী	
ঋণ ঝুঁকির জন্য মূলধন পর্যাণ্ডতা	৫০২.৮৪
বাজার ঝুঁকির জন্য মূলধন পর্যাণ্ডতা	২০.৯৭
পরিচালনা ঝুঁকির জন্য মূলধন পর্যাণ্ডতা	৪২.৯১
মোট রিকুয়ার্ড মূলধন	৫৬৬.৭২
মোট টিআর-১ মূলধন	৪৬৪.৪৪
মোট টিআর-২ মূলধন	১০৩.১৩
মোট টিআর-৩ মূলধন	-
মোট রেগুলারিটি মূলধন	৫৬৭.৫৭
উদ্বৃত্ত	০.৮৫
% মূলধন পর্যাণ্ডতার প্রয়োজন	
টিআর-১	৫%
মোট	১০%
% মূলধন পর্যাণ্ডতার রক্ষণ	
টিআর-১	৮.২০%
মোট	১০.০১%



Bank's cricket team

## কর্পোরেট সুশাসন

কর্পোরেট সুশাসন এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ পরিচালিত এবং নিয়ন্ত্রিত হয়। কর্পোরেট সুশাসন কাঠামো প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট পক্ষের (পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ার হোল্ডার এবং অন্যান্য) অধিকার ও দায়িত্ব নির্ধারণ করে দেয় এবং একই সাথে কর্পোরেট বিষয় সমূহে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আইন ও নীতিসমূহের ব্যাখ্যা প্রদান করে থাকে। কর্পোরেট সুশাসনের নীতিগুলো হচ্ছে সততা, বিশ্বাস, লক্ষ্য অর্জন, দায়িত্ববোধ ও জবাবদিহিতা, পারস্পরিক শ্রদ্ধা এবং প্রতিষ্ঠানের প্রতি অঙ্গীকারবদ্ধতা।

প্রতিষ্ঠালগ্ন থেকেই ব্যাংক এশিয়া কর্পোরেট সুশাসনের নীতিসমূহ পরিপূর্ণভাবে অনুসরণ করে আসছে। কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠায় পরিচালনা পর্ষদ মূখ্য ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠান পরিচালনা কৌশল অনুমোদন, দিক নির্দেশনা, জ্যেষ্ঠ নির্বাহীদের নিয়োগ, তত্ত্বাবধান ও পারিশ্রমিক নির্ধারণ এবং মালিক ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষের নিকট ব্যাংকের জবাবদিহিতা নিশ্চিতকরণ পরিচালনা পর্ষদের দায়িত্ব পরিধির অন্তর্গত। প্রতিষ্ঠান প্রথম থেকেই ব্যবস্থাপনা ও পরিচালনা পর্ষদের মধ্যে জবাবদিহিতা ও দায়িত্ব বিভাজনের মাধ্যমে ব্যাংক এশিয়াতে যে কর্পোরেট সুশাসন ব্যবস্থা গড়ে উঠেছে তা আমানতকারীদের স্বার্থ রক্ষার পাশাপাশি ব্যাংকের শেয়ারহোল্ডার, কর্মকর্তা, ঋণগ্রহীতা, গ্রাহক ও সমাজের উপর ব্যবসায়িক কার্যক্রমের প্রভাব সম্পর্কে সম্পূর্ণ অবগত।

